# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Baishakh 05, 1433 Bangla, April 18, 2026, Saturday, No. 105, 56th year


# H I G H L I G H T S

Indian Ministry of External Affairs spokesperson Randhir Jaiswal has said request to bring back former PM Sheikh Hasina, which came as part of BD's ongoing judicial process, is currently being examined. [R. Today: 19]

In the past 24 hours, 5 more children have died from measles and measles-like symptoms in country. [Jago FM: 14]

State Minister for Power, Energy and Mineral Resources Aninda Islam Amit has said Bangladesh currently holds the highest refined fuel stock in its history. [BBC: 03]

US has granted BD a fresh 60-day sanctions waiver to import Russian-origin finished petroleum products, offering temporary relief to country's strained fuel supply system amid ongoing global energy disruptions. [Jago FM: 17]

According to recent data from UNHCR, nearly 900 Rohingya refugees were reported missing or dead in the Andaman Sea and Bay of Bengal last year. [BBC: 10]

According to Human Rights Support Society, there were 88 incidents of mob violence in the first three months of this year. These include organized attacks on people accused of insulting religion. [BBC: 06]

There was widespread criticism from all quarters about mob incidents during the interim government in country, especially vigilante violence on charges of blasphemy. [BBC: 06]

Iran’s Foreign Minister Abbas Araghchi announced that the Strait of Hormuz will remain completely open to commercial vessels during the ongoing ceasefire in the Middle East. [BBC: 10]

Hours before a 10-day ceasefire between Lebanon and Israel took effect, Hezbollah's top leader Wafiq Safa said the group will never disarm under any circumstances. [BBC: 09]


| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ০৫, বাংলা ১৪৩৩, এপ্রিল ১৮, ২০২৬, শনিবার, নং- ১০৫, ৫৬তম বছর**

# শিরোনাম

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল জানিয়েছেন, বাংলাদেশের চলমান বিচারিক প্রক্রিয়ার অংশ হিসেবে প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফিরিয়ে আনার যে অনুরোধ এসেছে, তা বর্তমানে খতিয়ে দেখা হচ্ছে। [রে. টুডে: ১৯]

হাম ও হামের উপসর্গ নিয়ে গত ২৪ ঘণ্টায় দেশে আরও পাঁচ শিশুর মৃত্যু হয়েছে। [জাগো এফএম: ১৪]

বাংলাদেশের ইতিহাসে সব থেকে বেশি পরিশোধিত জ্বালানি এই মুহূর্তে মজুত রয়েছে বলে মন্তব্য করেছেন বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। [বিবিসি: ০৩]

রাশিয়ার জ্বালানি আমদানিতে বাংলাদেশকে নতুন করে ৬০ দিনের জন্য নিষেধাজ্ঞা থেকে ছাড় দিয়েছে যুক্তরাষ্ট্র। বিশ্বজুড়ে চলমান জ্বালানি সংকটের অস্থিরতার মধ্যে বাংলাদেশের আবেদনের পরিপ্রেক্ষিতে এই ছাড় দেওয়া হলো। [জাগো এফএম: ১৭]

জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর-এর সাম্প্রতিক তথ্য অনুযায়ী, গত বছর আন্দামান সাগর এবং বঙ্গোপসাগর পাড়ি দিতে গিয়ে প্রায় ৯০০ জন রোহিঙ্গা শরণার্থী মৃত্যু বা নিখোঁজের শিকার হয়েছেন। [বিবিসি: ১০]

মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটির হিসেবে, চলতি বছরের প্রথম তিন মাসে মব সহিংসতার ঘটনা ঘটেছে ৮৮টি। এর মধ্যে ধর্ম অবমাননার অভিযোগে সংঘবদ্ধ হামলার ঘটনাও আছে। [বিবিসি: ০৬]

বাংলাদেশে অন্তর্বর্তীকালীন সরকারের সময় মবের ঘটনা, বিশেষত ধর্ম অবমাননার অভিযোগে আইন হাতে তুলে নেওয়ার ঘটনায় ব্যাপক সমালোচনা ছিল সব মহলে। [বিবিসি: ০৬]

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি ঘোষণা দিয়েছেন, চলমান যুদ্ধবিরতির অবশিষ্ট সময়ের জন্য কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালি সব ধরনের বাণিজ্যিক জাহাজ চলাচলের জন্য সম্পূর্ণ উন্মুক্ত থাকবে। [বিবিসি: ১০]

লেবানন ও ইসরায়েলের মধ্যে ১০ দিনের একটি যুদ্ধবিরতি কার্যকর হওয়ার কয়েক ঘণ্টা আগে, হিজবুল্লাহর শীর্ষ নেতা ওয়াফিক সাফা বলেছেন, এই গোষ্ঠীটি কখনোই, কোনো পরিস্থিতিতেই অস্ত্র ত্যাগ করবে না। [বিবিসি:০৯]

# বিবিসি

## বাংলাদেশে পরিশোধিত জ্বালানির মজুত 'ইতিহাসের সর্বোচ্চ পর্যায়ে,- দাবি জ্বালানি প্রতিমন্ত্রীর

বাংলাদেশের ইতিহাসে সব থেকে বেশি পরিশোধিত জ্বালানি এই মুহূর্তে মজুত রয়েছে বলে মন্তব্য করেছেন বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। শুক্রবার চট্টগ্রামে ইস্টার্ন রিফাইনারি লিমিটেড বা ইআরএল পরিদর্শন শেষে দেশের জ্বালানি নিরাপত্তা নিয়ে কথা বলেন তিনি। প্রতিমন্ত্রী বলেন, বর্তমানে দেশে "জ্বালানির কোনো ধরনের ঘাটতি নেই„ এবং সরকার সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রাখতে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করছে। এপ্রিল এবং মে মাসের যে অভ্যন্তরীণ চাহিদা, তার বিপরীতে পর্যাপ্ত জ্বালানি তেল ইতোমধ্যেই মজুত করা হয়েছে বলেও দাবি করেন তিনি। মি. অমিত বলেন, "এপ্রিল এবং মে মাসের জ্বালানি চাহিদা পূরণের পূর্ণ সক্ষমতা বাংলাদেশ সরকারের রয়েছে। এখন আমরা মূলত জুন মাসের সম্ভাব্য চাহিদা মেটাতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছি।„ জ্বালানি নিরাপত্তা ব্যবস্থা আরও শক্তিশালী করতে সরকার এখন একক কোনো উৎসের ওপর নির্ভর না করে বিকল্প উৎস থেকে পরিশোধিত ও অপরিশোধিত তেল আমদানির ওপর জোর দিচ্ছে বলেও জানান তিনি। ইস্টার্ন রিফাইনারিতে উৎপাদন বন্ধ হওয়া প্রসঙ্গে প্রতিমন্ত্রী বলেন, "সাময়িকভাবে আমাদের প্রোডাকশন ক্যাপাসিটি (উৎপাদন সক্ষমতা) কিছুটা কম্প্রোমাইজড হয়েছে।„ তবে এর জন্য জ্বালানি সরবরাহে কোনো বিঘ্ন ঘটবে না বলেও দাবি করেন তিনি।

(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৪.২০২৬ এলিনা)

## যুক্তরাজ্যে স্থায়ী হতে পারিবারিক নির্যাতনের ভুয়া অভিযোগ অভিবাসীদের, বিবিসির অনুসন্ধান

যুক্তরাজ্যে স্থায়ীভাবে বসবাসের সুযোগ পেতে 'পারিবারিক সহিংসতার' শিকার হওয়ার মিথ্যা দাবি তুলছেন একদল অভিবাসী; বিবিসির বিশেষ অনুসন্ধানে পাওয়া গেছে এমন তথ্য। প্রকৃতপক্ষে নির্যাতনের শিকার হয়েছেন- এমন ব্যক্তিদের দ্রুত স্থায়ী বসবাসের সুযোগ দিতে ব্রিটিশ মন্ত্রীরা কিছু বিশেষ নিয়ম চালু করেছিলেন। যে নিয়মগুলোই এখন ঢাল হিসেবে ব্যবহার করছে জালিয়াত চক্র। রাজনৈতিক আশ্রয়ের মতো দীর্ঘ প্রক্রিয়ার চেয়ে এসব পথে দ্রুত বৈধতা পাওয়া যায় বলে এটি এখন প্রতারণার প্রধান হাতিয়ার হয়ে উঠেছে। আইনজীবীদের মতে, ব্রিটিশ স্বরাষ্ট্র মন্ত্রণালয় বা হোম অফিসের অপর্যাপ্ত যাচাই-বাছাই প্রক্রিয়ার সুযোগ নিয়ে সামান্য প্রমাণের ভিত্তিতেই অনেকে পার পেয়ে যাচ্ছে। অন্যদিকে, এসব মিথ্যা অভিযোগের কারণে নষ্ট হচ্ছে অনেক নিরপরাধ ব্রিটিশ নাগরিকের জীবন, যারা অজান্তেই প্রতারক অভিবাসীদের সঙ্গে সম্পর্কে বা বিয়েতে জড়িয়েছিলেন। 'পারিবারিক নির্যাতনের ভুক্তভোগী অভিবাসীদের ছাড়' নামে পরিচিত এই সুরক্ষা ব্যবস্থাগুলো কীভাবে অপব্যবহার করা হচ্ছে, তা নিয়ে উদ্বেগগুলোই অভিবাসন ব্যবস্থা নিয়ে বিবিসির একটি সাম্প্রতিক অনুসন্ধানে উঠে এসেছে। আজ আমরা জানাবো, নারী-পুরুষ নির্বিশেষে একদল অভিবাসী প্রথমে ব্রিটিশ নাগরিকদের প্রেমের সম্পর্ক গড়ে তুলছেন বা বিয়ে করছেন। এরপর যুক্তরাজ্যে আসার পরে স্থায়ী বসবাসের পথ সুগম করতে সঙ্গীর বিরুদ্ধে পারিবারিক সহিংসতার মিথ্যা অভিযোগ তুলছেন। পাশাপাশি, অনলাইনে সক্রিয় কিছু অসাধু আইনি পরামর্শক অভিবাসীদের নানা ধরনের মিথ্যা অভিযোগ তুলতে উৎসাহিত করছেন। বিবিসির একজন সাংবাদিক এমন একজন আইনি পরামর্শকের সঙ্গে দেখা করেছেন, যিনি তাকে সরাসরি পারিবারিক সহিংসতার মিথ্যা নাটক সাজানোর পরামর্শ দিয়েছেন।

উল্লেখ্য, অভিবাসন ব্যবস্থার ফাঁকফোকর নিয়ে বিবিসির ধারাবাহিক অনুসন্ধানের তৃতীয় অংশ এটি। প্রথম পর্বে : অভিবাসীদের সমকামী সাজিয়ে রাজনৈতিক আশ্রয়ের সুযোগ করে দেওয়া। দ্বিতীয় পর্বে : ভুয়া ওয়েবসাইট এবং নাস্তিক সেজে জালিয়াতির চিত্র।

পারিবারিক সহিংসতার অভিযোগের ভিত্তিতে যুক্তরাজ্যে দ্রুত স্থায়ী বসবাসের আবেদনকারীর সংখ্যা এখন বছরে পাঁচ হাজার ৫০০ জনেরও বেশি, যা মাত্র তিন বছরে ৫০ শতাংশেরও বেশি বেড়েছে। একটি ঘটনায় দেখা গেছে, এক ব্রিটিশ নারী তার পুরুষ সঙ্গীর বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ এনে তাকে ছেড়ে যাওয়ার পর, ওই পুরুষ সঙ্গী উল্টো তার বিরুদ্ধেই নির্যাতনের অভিযোগ তোলে। ওই নারীর দাবি, অভিযোগটি সম্পূর্ণ মিথ্যা এবং ওই ব্যক্তি যুক্তরাজ্যে থেকে যাওয়ার জন্যই তা করেছিল। এই অভিযোগগুলো কখনোই প্রমাণিত হয়নি, তবে সেগুলোকে ঢাল হিসেবে ব্যবহার করে ওই ব্যক্তি পাকিস্তানে ফেরত যাওয়ার হাত থেকে নিজেকে রক্ষা করতে সক্ষম হয়েছেন।

### মিথ্যা অভিযোগ তৈরি করতে ৯০০ পাউন্ড

ফেব্রুয়ারির শেষের দিকে, লন্ডনের সেন্ট প্যানক্রাস এলাকার একটি হোটেলের লাউঞ্জে ফিটফাট পোশাক পরা একজন তরুণ অভিবাসন পরামর্শদাতা তার এক ক্লায়েন্টের সঙ্গে সাক্ষাৎ করেন। এর কয়েক দিন আগে পাকিস্তান থেকে আসা এক নতুন ক্লায়েন্ট তার সঙ্গে যোগাযোগ করেন। তিনি জানান, তার একটি সমস্যা আছে। সেটি হলো তিনি তার ব্রিটিশ স্ত্রীকে ছেড়ে নিজের প্রেমিকার সঙ্গে থাকতে চান। কিন্তু তিনি ভিসা পেয়েছেন বিয়ের মাধ্যমে। যদি তিনি স্ত্রীর সঙ্গে বিচ্ছেদ করেন, তাহলে তাকে দেশ ছেড়ে যেতে হবে। প্রাথমিক ফোনকলেই অভিবাসন পরামর্শদাতা এলি সিসওয়াকা দ্রুতই একটি সমাধানের ইঙ্গিত দেন। তিনি নিজে থেকেই সম্ভাব্য ক্লায়েন্টকে পরামর্শ দেন যে, তিনি যেন পরিবারে

নির্যাতনের শিকার এমন ভান করেন। এবার তিনি স্পষ্টভাবে জানান, ৯০০ পাউন্ডের বিনিময়ে তিনি একটি ভুয়া অভিযোগ তৈরি করবেন এবং হোম অফিসে দেওয়ার জন্য একটি গল্প সাজিয়ে দেবেন, যাতে তার ক্লায়েন্ট যুক্তরাজ্যে বৈধ অবস্থান নিশ্চিত করতে পারে। কিন্তু এই পরামর্শদাতা যা জানেন না, তা হলো তার 'ক্লায়েন্ট' আসলে আন্ডারকভার বা ছদ্মবেশে থাকা বিবিসির একজন প্রতিবেদক, যিনি তদন্ত করছেন কীভাবে কিছু আইনজীবী ও অভিবাসন পরামর্শদাতা অভিবাসীদের জন্য মিথ্যা গল্প তৈরি করে আইন ভাঙতে সাহায্য করছেন, যাতে তারা যুক্তরাজ্যে স্থায়ী বসবাসের অনুমতি পেতে পারে। যুক্তরাজ্যের হোম অফিসের (নিরাপত্তা ও অন্যান্য বিষয়সহ যারা অভিবাসনের বিষয়গুলোও দেখে) নিয়ম অনুযায়ী, যে-সব অভিবাসী যুক্তরাজ্যে অস্থায়ী ভিসায় ব্রিটিশ নাগরিকদের স্বামী বা স্ত্রী বা পার্টনার হিসেবে অবস্থান করছে এবং পারিবারিক নির্যাতনের শিকার, তারা সে দেশে স্থায়ী হতে একটি বিশেষ ছাড়ের জন্য আবেদন করতে পারে। যেহেতু এসব অভিবাসী তাদের ভিসার পাশাপাশি খাদ্য ও বাসস্থানের জন্যও অনেক সময় সঙ্গীর ওপর নির্ভরশীল থাকে, তাই এই সুবিধাটি দেওয়া হয় তাদের জন্য, যাদের সম্পর্ক সহিংসতা বা নির্যাতনের কারণে ভেঙে গেছে।

যদি আবেদনটি সফল হয়, তবে তাদের যুক্তরাজ্যে তিন মাস থাকার অনুমতি দেওয়া হয় এবং তারা সরকারি সুবিধা পাওয়ারও অধিকারী হন। এই তিন মাসের মধ্যে তারা যুক্তরাজ্যে স্থায়ীভাবে থাকার অনুমতির জন্য আবেদন করতে পারেন। এটি পেলে বিদেশি নাগরিকরা কোনো সময়সীমা ছাড়াই যুক্তরাজ্যে স্থায়ীভাবে বসবাস, কাজ ও পড়াশোনার অধিকার পান। স্থায়ী বসবাসের অনুমতির এ পন্থা অ্যাসাইলামের মতো অন্য পন্থাগুলোর তুলনায় অনেক দ্রুততার সাথে হয়। ভিসা নিয়ে যুক্তরাজ্যে বসবাস এবং কাজ করছেন, এমন ব্যক্তি সাধারণত অন্তত পাঁচ বছর অপেক্ষা করার পরই স্থায়ী বসবাসের জন্য আবেদন করতে পারেন। বিশেষজ্ঞরা জানিয়েছেন, এই নিয়মগুলো অপব্যবহারের ঝুঁকিতে থাকায় তারা উদ্‌বিগ্ন। এই কারণেই বিবিসি বিষয়টি তদন্ত করার সিদ্ধান্ত নেয়।

করপোরেট ইমিগ্রেশন ইউকে নামের একটি প্রতিষ্ঠান পরিচালনা করেন সিসওয়াকা। তিনি নিয়মিত সামাজিক যোগাযোগ মাধ্যমে পারিবারিক নির্যাতন সংক্রান্ত এই ছাড় নিয়ে পোস্ট করেন এবং এই পন্থা ব্যবহার করে ক্লায়েন্টদের জন্য পাওয়া সফলতার কথাও প্রকাশ করেন। সেন্ট প্যানক্রাসের হোটেলে তার সঙ্গে বৈঠকের সময় তিনি হোম অফিসকে কীভাবে রাজি করাবেন, সে বিষয়ে আরও বিস্তারিত ব্যাখ্যা দেন। আমাদের প্রতিবেদক সিসওয়াকাকে জিজ্ঞেস করেন, ”আপনি কী ধরনের প্রমাণ ব্যবহার করবেন? কারণ সে আমাকে মারধর করে না বা এমন কিছু করে না, তাই পারিবারিক সহিংসতার কোনো প্রমাণ নেই।„ সিসওয়াকা জবাবে বলেন, ”মৌখিকভাবে„। ”তোমরা দুইজন ঝগড়া করেছ, আর সে তোমাকে এমন কথা বলেছে- যেমন 'মনে রেখো, আমিই তোমাকে এখানে এনেছি'- এই ধরনের কথা„। পরে কথোপকথনের পরবর্তী অংশে তিনি তার পরিকল্পনা বিস্তারিতভাবে ব্যাখ্যা করেন। তিনি বলেন, বিষয়টি 'মানসিক নির্যাতন' হিসেবে উপস্থাপন করা হবে। যেমন, ”যখন কেউ আপনাকে মানসিকভাবে প্রভাবিত করছে বা আপনার মনের সঙ্গে খেলছে„। তিনি প্রতিবেদককে আশ্বস্ত করেন যে, চিন্তার কিছু নেই। তিনি একটি গল্প তৈরি করে দেবেন। তিনি বলেন, এ ধরনের অন্যান্য মামলায় তার অভিজ্ঞতা রয়েছে। বিবিসির প্রতিবেদক জানতে চান, ”এর কতগুলো সফল হয়েছে?„ সিসওয়াকা জবাব দেন, ”সবগুলোই„। বিষয়টি প্রমাণ করতে তিনি প্রতিবেদককে হোম অফিসের একটি চিঠি দেখান, যা তার একজন ক্লায়েন্টের জন্য পাঠানো হয়েছিল। সেখানে বলা হয়, তাদের আবেদন সফল হয়েছে। যদিও এটি স্পষ্ট ছিল না যে, সেটি সত্যিকারের নির্যাতনের অভিযোগের ভিত্তিতে ছিল কি না।

সিসওয়াকা নিবন্ধিত সলিসিটর নন কিংবা অভিবাসন পরামর্শদাতাও নন, যার অর্থ তার পক্ষে অভিবাসনসংক্রান্ত পরামর্শ বা সেবা দেওয়া আইনত অবৈধ। তবুও ওই চিঠি থেকে বোঝা যায়, হোম অফিস তার পরিচয়পত্র যাচাই না করেই অর্থ প্রদানকারী গ্রাহকদের বিষয়ে তার সাথে দাপ্তরিক চিঠিপত্র আদান-প্রদান করছিল। সিসওয়াকা এরপর এই প্রতিবেদককে জানান পরবর্তী ধাপে কী হবে। তিনি বলেন, আবেদন জমা দিলে তিন মাসের সীমিত সময়ের জন্য যুক্তরাজ্যে থাকার অনুমতি পাওয়া যাবে এবং সেই সময় তিনি তার প্রেমিকার সঙ্গে আলাদা হয়ে থাকতে পারবেন। তিনি আরও বলেন, ওই তিন মাসের মধ্যেই স্থায়ীভাবে বসবাসের অনুমতির জন্য আবেদন করতে হবে। তিনি প্রতিবেদককে আশ্বস্ত করেন যে, স্ত্রীর বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ করার ফলে তার ওপর কোনো প্রভাব পড়বে না। তিনি বলেন, ”তাকে (ক্লায়েন্টের স্ত্রী) জিজ্ঞাসাবাদ করা হবে না বা ডাকা হবে না, কারণ এখানে কোনো অপরাধ নেই।„ মন্তব্যের জন্য লিখিত অনুরোধে সিসওয়াকা কোনো সাড়া দেননি। কিন্তু আমাদের তদন্তের বিষয়ে জানাতে করা এক ফোনকলে তিনি অস্বীকার করেন যে, পরিচয় গোপন করা ওই প্রতিবেদক পারিবারিক সহিংসতার শিকার হয়েছিলেন- এমন একটি গল্প বানিয়ে দিতে চেয়েছিলেন তিনি। এই খাতটি নিয়ন্ত্রণকারী সংস্থা ইমিগ্রেশন অ্যাডভাইস অথরিটি বলেছে, তারা অন্যায়ের সঙ্গে জড়িতদের শনাক্ত করতে ”তদন্ত করবে এবং কঠোর ব্যবস্থা নেবে„। ইমিগ্রেশন সার্ভিসেস কমিশনার গাওন হার্ট বলেছেন, ”জনসাধারণের প্রতি আমাদের বার্তা স্পষ্ট- শুধু নিবন্ধিত উপদেষ্টাদেরই সাহায্য নিন, অন্যথায় আপনি গুরুতর ঝুঁকিতে পড়বেন„।

**”কালো টাকা„**

ফ্রিডম অব ইনফরমেশন অ্যাক্ট বা তথ্য অধিকার আইনের মাধ্যমে বিবিসি নিউজের পাওয়া পরিসংখ্যান অনুযায়ী, সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত আগের ১২ মাসে মোট পাঁচ হাজার ৫৯৬ জন অভিবাসী পারিবারিক সহিংসতার শিকার হিসেবে অনির্দিষ্টকালের জন্য যুক্তরাজ্যে থাকার অনুমতি চেয়ে আবেদন করেছে। এটিই সর্বশেষ সময়কাল যার তথ্য পাওয়া গেছে। আবেদনগুলোর প্রায় এক-চতুর্থাংশ, অর্থাৎ এক হাজার ৪২৪টি অভিযোগ পুরুষেরা করেছে, যা দুই বছর আগের একই সময়ের তুলনায় ৬৬ শতাংশ বেশি। অন্যদিকে, নারীদের করা আবেদনের সংখ্যা ৪৭ শতাংশ বেড়েছে। এর ফলে অনেকেই উদ্‌বিগ্ন যে, পুরুষ ও নারী অভিবাসীরা মিথ্যা অভিযোগ তৈরি করে এই নিয়মের অপব্যবহার করছে। মিথ্যা অভিযোগের শিকার ব্যক্তিরা অভিযোগ করেছেন যে, তাদের সঙ্গীরা পুলিশের কাছে ভুয়া রিপোর্ট করেছে, যার ফলে অপরাধের একটি রেফারেন্স তৈরি হয় এবং সেটিই পরে হোম অফিসকে প্রমাণ হিসেবে দেখানো হয়, যদিও পুলিশ তদন্তে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। হোম অফিস বলছে, শুধু একটি ক্রাইম রেফারেন্স নম্বর থাকলেই সেটিকে পারিবারিক নির্যাতনের প্রমাণ হিসেবে ধরা হয় না। কিছু ভুক্তভোগী তাদের নির্যাতনের বিষয়টি পারিবারিক সহিংসতা বিষয়ক চ্যারিটিগুলোর কাছে রিপোর্ট করেছেন এবং সেটিকেও প্রমাণ হিসেবে ব্যবহার করেছেন, অথবা আদালতের মাধ্যমে 'নন-মলেস্টেশন অর্ডার' নিয়েছেন, যা 'এক্স পার্টে' প্রক্রিয়ায় (সঙ্গীকে না জানিয়ে) পাওয়া যায়। এক দশকেরও বেশি সময় আগে, ২০১৪ সালে, হোম অফিসের একটি অভ্যন্তরীণ মূল্যায়নে বলা হয়েছিল যে স্থায়ী বসবাসের অনুমতি পাওয়ার এই পন্থাটি অপব্যবহারের ঝুঁকিতে পরতে পারে। এক বছর পর, ইন্ডিপেনডেন্ট চিফ ইন্সপেক্টর অফ বর্ডার অ্যান্ড ইমিগ্রেশনের এক প্রতিবেদনে বলা হয়, পারিবারিক সহিংসতার অভিযোগের বিষয়ে কর্মকর্তাদের যাচাই-বাছাইয়ে সমস্যা ছিল এবং সহায়তা সংস্থাগুলোর চিঠির মতো অযাচাইকৃত প্রমাণকে অতিরিক্ত গুরুত্ব দেওয়া হচ্ছিল, যেগুলোতে কেবল কথিত ভুক্তভোগীর নিজের বলা ঘটনার বিবরণই পুনরাবৃত্তি করা হয়েছিল। হোম অফিসের সেফগার্ডিং বিষয়ক মন্ত্রী জেস ফিলিপস বলেন, "প্রকৃত নির্যাতনের শিকার ব্যক্তিদের রক্ষার জন্য তৈরি করা এই পন্থার অপব্যবহার অত্যন্ত লজ্জাজনক। আমি ব্যক্তিগতভাবে এই ধরনের হীন কৌশলের শোচনীয় প্রভাব দেখেছি।„ তিনি আরও বলেন, স্পষ্টভাবে জানানো হচ্ছে যে, যুক্তরাজ্যে থাকার জন্য ব্রিটিশ জনগণকে প্রতারণা করার চেষ্টা করলে আবেদন বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তিকে ব্রিটেন থেকে বহিষ্কার করা হবে। তিনি সতর্ক করে বলেন, "ভুয়া আইনজীবী, যারা এই ধরনের প্রতারণামূলক পরামর্শ দেয়, তাদের কারাগারে পাঠানো হবে এবং তাদের অবৈধ অর্থ বাজেয়াপ্ত করে সেই অর্থ তারা যে ধরনের অপরাধ করেছে, সেগুলো দমনে ব্যবহার করা হবে।„

**'প্রতিশ্রুতি ছিল অনেক'**

এই বিষয়টি ফিলিপের কাছে অত্যন্ত সংবেদনশীল, কারণ তার নিজের এলাকারই একজন বাসিন্দা তাকে এ বিষয়ে সতর্ক করেছিলেন। যুক্তরাজ্যের বাসিন্দা আয়েশা (ছদ্মনাম) বলেন, বিয়ের পর স্বামীর সঙ্গে সম্পর্ক খারাপ হতে শুরু করে, কারণ তার স্বামী এই দেশে তাদের একটি সন্তান চাচ্ছিলেন। আয়েশা বলেন, তিনি মহামারির সময় একটি ডেটিং অ্যাপে তার সাবেক স্বামীর সঙ্গে পরিচিত হন এবং খুব দ্রুত একটি প্রেমের সম্পর্কে জড়িয়ে পড়েন। "সে আমাকে অনেক প্রতিশ্রুতি দিত, অতিরিক্ত ভালোবাসা দেখাত এবং আমাকে নানা জিনিসও কিনে দিত, যাতে আমি খুব দ্রুত তার প্রেমে পড়ি,„ তিনি বলেন। আয়েশা বলেন, ইসলামিক রীতিতে প্রথমে তাদের বিয়ে হয়। পরে বিয়ের অনুষ্ঠান হয়। এরপর সম্পর্ক খারাপ হতে শুরু করে। পরে আয়েশা জানতে পারেন যে, তার স্বামীর ব্রিটিশ নাগরিকত্ব নেই, যদিও শুরুতে সে নিজেকে ব্রিটিশ নাগরিক হিসেবে পরিচয় দিয়েছিল। আসলে সে একজন পাকিস্তানি নাগরিক হিসেবে নিজের ভিসার জন্য আয়েশার ওপর নির্ভরশীল ছিল। আয়েশা আরও বলেন, তার স্বামী তাকে পুরোপুরি নিয়ন্ত্রণ করতে চাইতো এবং অত্যন্ত নির্যাতনমূলক আচরণ শুরু করেছিল। এক পর্যায়ে তার স্বামী সে দেশে (যুক্তরাজ্যে) তাদের একটি সন্তান জন্মদানের জন্য তাকে জোর করতে থাকে। তিনি বলেন, তার স্বামীকে "তার বন্ধুরা পরামর্শ দিচ্ছিল যে, এখানে নিজের অবস্থান নিশ্চিত করতে হলে একটি সন্তান নেওয়া উচিত। তাই সে আমাকে অন্তঃসত্ত্বা হতে খুব চাপ দিচ্ছিল। দুর্ভাগ্যজনকভাবে, আমাকে ধর্ষণের ঘটনাও ঘটেছিল।„ বিয়ের পর যে বাসায় আয়েশা ছিলেন, সেটি এরপর তিনি ছেড়ে দেন এবং ঘটনাটি পুলিশ ও হোম অফিস উভয়ের কাছেই জানান। এর পর কর্মকর্তারা তার স্বামীকে চিঠি দিয়ে জানান, স্ত্রীর সমর্থন ছাড়া তার ভিসার মেয়াদ শেষ হয়ে যাবে। "আমার মনে হয়, সেই চিঠি পাওয়ার পর সে (তার স্বামী) বুঝতে পারে যে, তার আর কোনো উপায় নেই। তাকে দেশ ছাড়তে বলা হচ্ছে, তাই কিছু একটা করতে হবে।„

**ভুক্তভোগী থেকে অপরাধী**

আয়েশা বলেন, এর জবাবে তার স্বামী পুলিশের কাছে গিয়ে জানায় যে, সে নিজেই পারিবারিক সহিংসতার শিকার, তার স্ত্রী (আয়েশা) নয়। সে পুলিশ কর্মকর্তাদের জানায় যে, আয়েশা ও তার পরিবার তার ওপর জবরদস্তিমূলক নিয়ন্ত্রণ চাপিয়ে দিয়েছিল এবং তার স্ত্রী নির্যাতনও করতো। আয়েশার ভাষ্য অনুযায়ী, "আমার বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ করার ঠিক আগে সে বলেছিল, 'ওহ, চিন্তা করো না, আমার এখানে থাকার একাধিক উপায় আছে। তোমার দেশে থাকার জন্য তোমাকে কোনো প্রয়োজন নেই'।„ "আমার বিরুদ্ধে তাকে নির্যাতনের অভিযোগ তোলার অনেক আগে থেকেই আমি কর্তৃপক্ষ এবং পারিবারিক নির্যাতন প্রতিরোধকারী সংস্থাগুলোর সমর্থন পাচ্ছিলাম আর ঘটনাটা ঘুরিয়ে

দিয়ে আমাকেই অপরাধী বলাটা ছিল হৃদয়বিদারক।„ আয়েশা বলেন, তার সাবেক স্বামীর অভিযোগের ভিত্তিতে পুলিশ তার বিরুদ্ধে কখনোই কোনো ব্যবস্থা নেয়নি। অন্যদিকে, তার সাবেক স্বামীর বিরুদ্ধেও ধর্ষণের অভিযোগে কোনো মামলা হয়নি। কারণ আয়েশা পরে মামলা চালিয়ে যাওয়ার বিষয়ে মত পরিবর্তন করেন। তবে ক্রিমিনাল ইনজুরিজ কমপেনসেশন অথরিটির মাধ্যমে আয়েশা ১৭ হাজার পাউন্ডের বেশি ক্ষতিপূরণ পান, যা থেকে বোঝা যায়, তারা (ওই কর্তৃপক্ষ) মনে করেছে যে, আয়েশার উত্থাপিত যৌন নিপীড়নের ঘটনাটি ঘটেছে বলেই সম্ভবত তারা মনে করেছে। আয়েশা বলেন, তার বিরুদ্ধে সাবেক স্বামীর এই প্রতারণা এখানেই শেষ হয়নি। ২০২৩ সালের জানুয়ারিতে, তার সাবেক স্বামীর আরেকটি অভিযোগের ভিত্তিতে পুলিশ তাকে গ্রেফতার করে। আয়েশা বলেন, ওই ঘটনার জন্য তিনি তার শিশু সন্তানের কাছ থেকে মোট আট ঘণ্টা দূরে থাকতে বাধ্য হন। শিশুটি তখনও বুকের দুধ খেতো। তার মেয়ের ফরমুলা দুধে অ্যালার্জি ছিল। তিনি বলেন, ”যখন আমার বাচ্চাকে বুকের দুধ খাওয়াতে গিয়েছিলাম, তখনই আমাকে বেরিয়ে যেতে হয় এবং যখন আমি বাড়ি ফিরলাম, তখন আমার শুধু নিজের জীবনটা শেষ করে দিতে ইচ্ছা করছিল।„ এমপি জেস ফিলিপস সেদিনই কর্মকর্তাদের কাছে চিঠি লিখে বলেন, ”আমার মনে হয়, আয়েশা ও তার সাবেক সঙ্গীর মধ্যে আগের ঘটনাগুলো সম্পর্কে (পুলিশ) জানলে তাকে গ্রেফতার করা হতো না।„

বার্মিংহাম ইয়ার্ডলি আসনের এই এমপি বিষয়টি নিয়ে চাপ প্রয়োগ অব্যাহত রাখেন এবং পরে হোম অফিসের মন্ত্রী হওয়ার পর আয়েশাকে পরামর্শ দেন, তার কাছে থাকা যে-কোনো প্রমাণ হোম অফিসে পাঠাতে। তিনি নিজে বিষয়টি দেখবেন বলেও জানান। ”হোম অফিসই এটি ঘটতে দিচ্ছে„- এমনটি বিবিসিকে বলেন আয়েশা। তিনি আরও বলেন, ”তারা তাকে (তার সাবেক স্বামী) এই আচরণ চালিয়ে যেতে দিয়েছে। হোম অফিসের কারণে আমি চার বছর ধরে এক দুঃসহ সময় পার করেছি।„

**সম্পূর্ণ ওলট-পালট হয়ে যাওয়া**

ব্র্যাডফোর্ডের ফৌজদারি আইনজীবী জাবরান হুসেইন বলেন, শুধু আয়েশার সাথে এমন ঘটেছে তা ভাবার কারণ নেই। তিনি এমন আরও অনেক ব্রিটিশ নাগরিকের সঙ্গে কাজ করেছেন, যাদের বিরুদ্ধে তাদের অভিবাসী সঙ্গীরা ভিসাসংক্রান্ত কারণে মিথ্যা নির্যাতনের অভিযোগ করেছে বলে তিনি মনে করেন। তিনি বলেন, তার কিছু ক্লায়েন্টের জীবন ”পুরোপুরি ওলট-পালট„ হয়ে গেছে। অথচ যারা এসব অভিযোগ করছে, ”তারা এখনো স্থায়ী বসবাসের সুযোগ পেতে পারে, কারণ অভিবাসন আইনে অভিযোগের রায় আসা বাধ্যতামূলক নয়।„ তিনি বলেন, অভিবাসী স্বামী বা স্ত্রীদের অনির্দিষ্টকালের জন্য বসবাসের অনুমতি পেতে সাধারণত বেশ কিছু কঠিন শর্ত থাকে, যেমন ইংরেজি ভাষার পরীক্ষায় উত্তীর্ণ হওয়া এবং ফি প্রদান করা। কিন্তু, পারিবারিক সহিংসতা সংক্রান্ত ক্ষেত্রে সেই নিয়মগুলো প্রযোজ্য নয়। হুসেন আরও বলেন, ”এই পন্থা সদিচ্ছা নিয়েই তৈরি করা হয়েছিল এবং এটি সমাজের সবচেয়ে দুর্বল অংশ, অর্থাৎ পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিদের সুরক্ষা দেওয়ার জন্যই ছিল।„ তবে আমার মনে হয়, কিছু মানুষ আছে যারা নিজেদের স্বার্থে কিংবা স্থায়ী বসবাসের দ্রুত অনুমতি পেতে এই ব্যবস্থার অপব্যবহারকে ঠিক কাজ বলে মনে করে।„ এই নিয়মের অপব্যবহার নিয়ে উদ্বেগ পার্লামেন্টেও তোলা হয়েছে।

২০২৪ সালের নভেম্বর মাসে ওয়েস্ট ইয়র্কশায়ারের কনজারভেটিভ এমপি রোবি মুর বলেন, সম্প্রতি যুক্তরাজ্যে এসে তার এলাকায় কিসলিতে বসবাসকারী কিছু স্বামী বা স্ত্রী তাদের সঙ্গীদের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করছে- এ ধরনের ' 'উদ্‌বেগজনক' একটি প্রবণতা তিনি দেখছেন। তিনি এমপিদের জানান, ”কিছু কিছু পারিবারিক নির্যাতনের অভিযোগ এখন যুক্তরাজ্যে আসার মাত্র কয়েক সপ্তাহের মধ্যেই করা হচ্ছে এবং এসব দাবি করছেন নারী ও পুরুষ উভয়েই।„ ”স্থায়ী বসবাসের মর্যাদা দ্রুত পাওয়ার জন্য কিংবা স্থায়ী বসবাস/ভিসা নবায়নের জন্য প্রয়োজনীয় খরচ এড়ানোর উদ্দেশ্যে পারিবারিক নির্যাতনের অভিযোগ করার সুযোগটি ভালোবাসাপূর্ণ সম্পর্কে থাকা কিছু ব্যক্তি অপপ্রয়োগ করছে বলে আমার আশঙ্কা হয়।„ (বিবিসি ওয়েব পেজ : ১৭.০৪.২০২৬ আলী আহমেদ)

## ধর্ম অবমাননার অভিযোগ তুলে বারবার মাজারে হামলা, নেপথ্যে যত কারণ

ইসলাম বিকৃতির অভিযোগ এনে গত শনিবার কুষ্টিয়ায় পীরের দরগা হিসেবে পরিচিত 'শামীম বাবার দরবার শরিফে' যখন হামলা হয়, তখন এর প্রধান আব্দুর রহমান শামিম ভেতরেই ছিলেন। আব্দুর রহমান শামিম নিজেকে পীর হিসেবে পরিচয় দিতেন। সেই সময় ঘটনাস্থলেই ছিলেন দরগার খাদেম জামিরন নেসা। বিবিসি বাংলাকে তিনি জানান, 'পীর' ইসলামের বিরুদ্ধে বক্তব্য দেয় এরকম কথা ছড়ানো হচ্ছিল সবখানে। তিনি বলেন, ”বিভিন্নজন নানা কথা বলছিল। আমরা শুনছিলাম যে, গ্রামের মানুষ আসবে আলোচনা করতে। পীর বাবা বলতেছিল যে, আমার যদি ভুল হয়, আমি ওদেরটা মানবো। কিন্তু ওরা আমার সঙ্গে কথা বলুক। বাবা আলোচনা করতে চাইলো কিন্তু ওরাতো কথা বলার কোনো সুযোগই দেয় নাই।„ জামিরন নেসা বলেন, শেষ মুহূর্তেও আব্দুর রহমান শামিম আলোচনার চেষ্টা করেছিলেন। ”ওরা যখন এক/দেড়শো মানুষ চলে আসলো। সবার হাতে লাঠি-অস্ত্র ছিল। খালি হাতে কেউ ছিল না। তখনও বাবা বলছে যে, আমি যাবো না, ওদের সঙ্গে কথা বলবো। বাবা ঘর থেকে দুই হাত তুলে বলতেছিল যে, থামো! কিন্তু ওরা কোনো

কথাই শোনেনি।„ ওইদিন এলোপাতাড়ি হামলা, মারধরের শিকার হয়ে পরে হাসপাতালে মৃত্যু হয় দরগার পীর হিসেবে পরিচিত হওয়া আব্দুর রহমান শামীমের।

সপ্তাহখানেক আগে কুষ্টিয়ার এই ঘটনা সারা দেশে আলোড়ন তুলেছে। এর মাত্র একদিন আগেই ঢাকায় সমকামী সন্দেহে হামলার শিকার হন বেশ কয়েকজন। মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটির হিসেবে, চলতি বছরের প্রথম তিন মাসে মব সহিংসতার ঘটনা ঘটেছে ৮৮টি। এর মধ্যে ধর্ম অবমাননার অভিযোগে সংঘবদ্ধ হামলার ঘটনাও আছে। বাংলাদেশে অন্তর্বর্তীকালীন সরকারের সময় মবের ঘটনা, বিশেষত ধর্ম অবমাননার অভিযোগে আইন হাতে তুলে নেওয়ার ঘটনায় ব্যাপক সমালোচনা ছিল সব মহলে। সে সময় বলা হচ্ছিল, 'রাজনৈতিক' সরকার না হওয়ায় অন্তর্বর্তীকালীন সরকারের দুর্বলতার কারণে এরকমটা হচ্ছে। তবে নির্বাচনের পর একটি রাজনৈতিক সরকার ক্ষমতায় এলেও মবের ঘটনা থেমে নেই। দেখা যাচ্ছে, ইসলাম রক্ষার কথা বলে এরকম হামলার ঘটনা ঘটলেও, সরকার সেটা থামাতে ব্যর্থ হয়েছে। কুষ্টিয়ার ঘটনাতেও নিহতের ভাই বাদি হয়ে যে মামলা করেছেন, সেখানে নাম উল্লেখ করা চার আসামির দুইজনই দুটি ধর্মভিত্তিক দলের। এর মধ্যে একজন জামায়াতে ইসলামের সঙ্গে সম্পৃক্ত, অন্যজন বাংলাদেশ খেলাফত মজলিশ। যদিও দুই দলই ঘটনার সঙ্গে তাদের সম্পৃক্ততার অভিযোগ অস্বীকার করেছে।

**হামলার আগে 'ধর্ম অবমাননার' ট্যাগ**

কুষ্টিয়ার ঘটনায় 'কোরআনের অপমান' এবং 'ধর্ম অবমাননার' ট্যাগ দিতে ব্যবহার করা হয়েছিল দরগার পীরের পুরোনো ভিডিও। তার অনুসারীরা দাবি করেন, বক্তব্যের বিভিন্ন অংশ 'কাট করে' নতুন ভিডিও বানানো হয়েছে, তারপর ছড়ানো হয়েছে। গত দেড় বছরে দেশের বিভিন্ন স্থানে 'ধর্মের অবমাননার' অভিযোগ তুলে একের পর এক মাজারে হামলা হয়েছে। রাজবাড়ি, সিরাজগঞ্জ, গাজীপুর, কুমিল্লাসহ বিভিন্ন স্থানে এসব হামলায় অংশ নিতে দেখা গেছে হাজার হাজার মানুষকে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃ-বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও রাজনীতি বিশ্লেষক জোবাইদা নাসরীন বলেন, মূলত কোরআনের অপমান কিংবা ইসলাম রক্ষার কথা বলে প্রথমে মানুষকে উত্তেজিত করা হয়, তারপর হামলার ঘটনা ঘটে। "যখন ধর্মীয় বিষয়টা সামনে আনা হয়, ধর্ম অবমাননার কথা বলা হয়, তখন কিন্তু সাধারণ মানুষও হয় সেটার সঙ্গে গা ভাসিয়ে দেয় অথবা কোনো প্রতিবাদ করে না। ফলে বাংলাদেশে যেটা হয়েছে যে, তৌহিদি জনতার নামে ইসলামকে পুঁজি করে একটা নিয়ন্ত্রণবাদী আদর্শের চর্চা হচ্ছে।„ তার মতে, যেহেতু ধর্ম ব্যবহারের কৌশল কাজ করছে, সেহেতু এটা অনেকেই ব্যবহার করছেন এবং এর পেছনে শুধু যে রাজনীতি থাকে তেমনটাও না। আধিপত্য বিস্তার, লুটপাটসহ এটার একটা অর্থনৈতিক তাৎপর্যও আছে। তিনি বলেন, "দেখবেন এসব ঘটনায় একটা পক্ষ আছে, যারা লুটপাট করে। এমনকি এখানে জায়গা-জমি দখলেরও বিষয় থাকে। ফলে শুধু ধর্ম অবমাননাই অনেক সময় মূল বিষয় থাকে না।„ কুষ্টিয়ায় পীরের দরগায় হামলার ঘটনাতেও লুটপাট ঘটেছে। এ ঘটনায় নিহত পীরের ভাই যে মামলা করেছেন, সেখানে মাজারের সম্পদ এবং স্বর্ণালংকার লুট হয়েছে বলে উল্লেখ করেছেন মামলার বাদি। এছাড়া, হামলার প্রত্যক্ষদর্শী ও মাজারের খাদেম জামিরন নেসাও বিবিসিকে বলেন, হামলার সময় একটি পক্ষ ভাঙচুরের সঙ্গে 'লুটপাটেও অংশ নিয়েছিল'।

**ধর্মীয় নেতাদের বয়ানে 'সতর্কতার' কথা কেন উঠছে?**

রাজবাড়িতে মাজারে হামলা কিংবা কুষ্টিয়ায় দরগায় হামলার যে-সব ঘটনা ঘটছে, সেগুলোতে দেখা যায় কখনও ইসলামবিরোধী ট্যাগ কিংবা কখনও ধর্ম অবমাননার অভিযোগগুলোকেই প্রথমে সামনে আনা হয়। যেখানে আবার ভূমিকা থাকে স্থানীয় কোনো মাদ্রাসা কিংবা ধর্মীয় নেতার। বাংলাদেশে ইসলামী গবেষক ও ঢাকার উত্তরায় জামিয়া দারুল আরকাম ইসলামিয়া মাদ্রাসার শিক্ষক ড. ওয়ালীয়ুর রহমান অবশ্য বলছেন, তার ভাষায়, এসব সহিংসতার সঙ্গে 'বড়ো আলেম' বা ধর্মের কোন সংযোগ নেই। তিনি বলেন, "এগুলোর পেছনে বড়ো আলেমদের কোনো নির্দেশনা আসলে লাগে না। দেখা যায় যে, তরুণ কিংবা একেবারেই অশিক্ষিত লোকেরা যারা হয়ত শুধু জুমআ'র নামাজ পড়ে, পাঁচ ওয়াক্ত নামাজও পড়ে না। দেখা যায়, তারাই মসজিদ থেকে বের হয়ে ধাওয়া করে কিংবা উত্তেজিত হয়ে মারধর করে।„ এছাড়া এমন ঘটনায় নানা মহলের সুযোগ নেওয়ার কথাও উল্লেখ করেন তিনি। মি. রহমান বলেন, "দেখবেন, এসবের পেছনে অশুভ শক্তির হাত থাকে। অনেকে চায় একটা পরিস্থিতি তৈরি হোক, বিশৃঙ্খলা তৈরি হোক, সংঘাত তৈরি হোক।„ ইসলামী গবেষক ওয়ালিউর রহমান ধর্ম অবমাননার অভিযোগে যে-সব মব হচ্ছে, তার একটা ব্যাখ্যা দিচ্ছেন। তবে এটাও স্পষ্ট যে, মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশটিতে ধর্মীয় নেতারা দেশব্যাপী নানারকম বক্তব্য-বয়ান প্রচার করেন। এসব বয়ানে নির্দিষ্ট কোনো মাজার, পীর বা ভিন্ন কোনো মতাদর্শকে অনৈসলামিক কিংবা ধর্মবিরোধী হিসেবে প্রচারের প্রবণতাও বহু পুরোনো। ইসলামী বক্তারা বা ধর্মীয় নেতারা একে 'ঈমানী দায়িত্ব' হিসেবেই প্রচার করে থাকেন। কিন্তু সমস্যা হচ্ছে, সেই বয়ান থেকে সহিংসতা বা মবের সূত্রপাত যেন না হয়, সে বিষয়ে সতর্কতা সেভাবে দেখা যায় না। ড. ওয়ালিউর রহমানও অবশ্য এটা মানছেন। তিনি বলেন, "ধর্মবিরোধী, ইসলাম বিরোধী কিংবা আল্লাহ-রসুলের অবমাননাকর কাজ হয়ত কোথাও হচ্ছে। এসব বিষয়ে যখন ইমাম বা খতিব সাহেব আলোচনা করবেন, তখন তার উচিত হবে এই আলোচনা ইসলামের দৃষ্টিভঙ্গিতে বলা। তবে পাশাপাশি এটাও বলা যে, এদের

বিচার বা এদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা মুসল্লিরা নিতে পারবে না।„ তিনি বলেন, বয়ানে উল্লেখ করতে হবে যে আইন হাতে তুলে নেওয়া যাবে না। ”বক্তা শ্রোতাদের বলবেন যে, তোমরা প্রতিবাদে মিছিল করতে পারবে, থানায় স্মারকলিপি দিতে পারবে, প্রয়োজনে মামলা করতে পারবে। কিন্তু নিজে গিয়ে ভাঙচুর করা, নিজে বিচার করে ফেলা, নিজেই কাউকে আক্রমণ করা- এটা শরীয়তেও নেই, প্রচলিত আইনেও নেই।„

**'ব্যর্থতা স্বীকার করতে চাই' বললেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা**

বাংলাদেশে একদিকে ধর্ম অবমাননার অভিযোগে যেমন আইন হাতে তুলে নিতে দেখা যায়, তেমনই রাজনৈতিক বা সামাজিক কারণেও মবের ঘটনা ঘটতে দেখা যাচ্ছে। ফলে সামগ্রিকভাবেই দেশে মবের একটা বিস্তার ঘটেছে। ড. জোবাইদা নাসরীন বলেন, মব যে থামছে না, তার পেছনে আছে তার ভাষায়, রাজনীতি। তিনি বলেন, ”গত দেড় বছরে মব নিয়ে মূলত রাজনীতি করছে রাজনৈতিক দলগুলো। ফলে দেখা যাচ্ছে, মব নিয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কঠোর হতে পারেনি। দ্বিতীয়ত, হলো ইসলাম রক্ষার সাইনবোর্ড যেখানে আছে, সেখানেই রাজনৈতিক দল এবং সরকার হাত দিতে স্বাচ্ছন্দ্যবোধ করছে না। কারণ হলো, সকল দলই কমবেশি ধর্মকে রাজনীতির ক্ষেত্রে ব্যবহার করছে।„ জোবাইদা নাসরীন বলছেন, নির্বাচনের পর রাজনৈতিক সরকার ক্ষমতায় এলেও মবের ধারাবাহিকতা বন্ধ হয়নি। কিন্তু অতীতে মব নিয়ে অন্তর্বর্তীকালীন সরকারের সমালোচনায় থাকা বিএনপি এখন কেন নিজেই মব নিয়ন্ত্রণের ব্যর্থতার পরিচয় দিচ্ছে? এমন প্রশ্নে প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা জাহেদ উর রহমান অবশ্য সরকারের ব্যর্থতা স্বীকার করেন। তিনি বিবিসি বাংলাকে বলেন, ”আমরা এটা স্বীকার করে নিতে প্রস্তুত যে, এ ধরনের ঘটনা না হতে দেওয়া সরকারের অর্পিত দায়িত্ব ছিল এবং সরকার এক্ষেত্রে ব্যর্থ হয়েছে। আমরা এটা স্বীকার করতে চাই। আমাদের পদক্ষেপ নেওয়া দরকার ছিল। আমরা সেটা নিতে শুরু করেছি।„ তিনি জানান, সরকার আইনের কঠোর প্রয়োগের দিকে এগোবে।”একটা লেজিটিমেট বলপ্রয়োগের জন্য যা যা করা প্রয়োজন, সরকার সেটা অবশ্যই করবে। মবের ঘটনা ঠেকাতে সরকার কঠোর হবে।„(বিবিসি ওয়েব পেজ : ১৭.০৪.২০২৬ আলী আহমেদ)

## ঢাকাসহ তিন বিভাগে ঝড়বৃষ্টি, কোথাও কোথাও শিলাবৃষ্টির আভাস

কয়েকদিন ধরে বাংলাদেশের বিভিন্ন এলাকায় তীব্র গরম অনুভূত হচ্ছে। এর মধ্যেই আবহাওয়া অফিস ঢাকাসহ দেশের বিভিন্ন জায়গায় বৃষ্টি কিংবা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনার কথা বলেছে, কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে হতে পারে শিলাবৃষ্টি। আবহাওয়া অফিস জানিয়েছে, শুক্রবার ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি কিংবা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আজ শুক্রবার সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে। এতে আরও বলা হয়, ওই তিন বিভাগ ছাড়াও দেশের অন্যান্য বিভাগের বিভিন্ন স্থানে অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। তবে সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকার সম্ভাবনা রয়েছে। গতকাল বৃহস্পতিবার দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল চট্টগ্রামের রাঙামাটি এবং খুলনার কুমারখালীতে; ৩৬ দশমিক পাঁচ ডিগ্রি সেলসিয়াস। আর সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ডিমলায়, ২০ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস। বৃষ্টিপাতের ক্ষেত্রে সবচেয়ে বেশি বৃষ্টি হয়েছে যশোরে, ১৬ মিলিমিটার এবং গোপালগঞ্জেও ১৫ মিলিমিটার বৃষ্টি হয়েছে। এর বাইরে রংপুরের বাজারহাট ও ভোলাতেও ১১ মিলিমিটার করে বৃষ্টি হয়েছে। এছাড়া দেশের অন্য কোথাও বৃষ্টি হয়নি বললেই চলে। আবহাওয়াবিদরা বলে থাকেন, যখনই কোনো স্থানের তাপমাত্রা বেড়ে যায়, তখন সেই তাপমাত্রা প্রশমিত হওয়ার জন্য শিলাবৃষ্টি হয়ে থাকে। আবহাওয়াবিদ এ কে এম নাজমুল হক বিবিসি বাংলাকে বলেন, ”সাধারণত এপ্রিল ও মে মাসে সিলেটসহ দেশের কোনো কোনো অঞ্চলে মেঘের উচ্চতা ১২ কিলোমিটারের উপরে চলে যায়। তখন সেটি শিলা আকারে পড়ে। আর শিলাবৃষ্টি হওয়া মানে সেখানে বজ্রপাত থাকবে।„

**শিলাবৃষ্টি কী, কেন হয়?**

সাধারণভাবে বলা হয়ে থাকে, আকাশে যখন মেঘের পরিমাণ অনেক বেশি থাকে বা মেঘ অনেক বেশি ভারি হয়ে ওঠে, তখন বৃষ্টির সময় আকাশ থেকে বরফের টুকরা বা মেঘের কণা পড়ে এবং একেই শিলাবৃষ্টি বলা হয়ে থাকে। যুক্তরাষ্ট্রের ন্যাশনাল সিভিয়ার স্টর্মস ল্যাবরেটরির ওয়েবসাইটে শিলাবৃষ্টি সম্পর্কে বলা হয়েছে, শিলাবৃষ্টি হলো কঠিন বরফের সমন্বয়ে এক প্রকার বৃষ্টিপাত, যা বজ্রঝড়ের ঊর্ধ্বমুখী স্রোতের ভেতরে তৈরি হয়। আবহাওয়াবিদরা বলছেন, চৈত্রের শেষ ও বৈশাখের শুরুতে দক্ষিণ-পশ্চিম দিকে বঙ্গোপসাগর থেকে আসা বায়ুর প্রভাবে কালবৈশাখি হয়। তখন বাতাসে এক ধরনের ঊর্ধ্বমুখী চাপ সৃষ্টি হয়। সে কারণেই কালবৈশাখি ঝড় হয়। আর এর বৈশিষ্ট্যের মধ্যে দমকা হাওয়া, বৃষ্টি, শিলাবৃষ্টি ও বজ্রপাত রয়েছে। এই কালবৈশাখি ঝড়ের বৈশিষ্ট্যের জন্যই শিলা বৃষ্টি হয়। যুক্তরাষ্ট্রের ওই ওয়েবসাইটে আরো বলা হয়েছে, বাড়িঘর, গাড়ি ও ফসলের ক্ষতি হওয়া, এমনকি মানুষের মৃত্যুর কারণও হতে পারে শিলাবৃষ্টি। মেঘের উচ্চতা কম থাকলেও বজ্রপাত হতে পারে। বজ্রপাতের সাথে মেঘের সম্পর্ক আছে, শিলাবৃষ্টির সাথে মেঘের উচ্চতার সম্পর্ক রয়েছে। শিলাবৃষ্টি হলে সেখানে বজ্রপাত, বজ্রঝড় থাকবেই। বাংলাদেশের ঢাকা, সিলেট ও

ময়মনসিংহে এখন মেঘের উচ্চতা বেশি রয়েছে বলেই ওই অঞ্চলে আগামী চারদিনের জন্য শিলাবৃষ্টির সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া অফিস।

**কীভাবে শিলা গঠিত হয়?**

যখন বৃষ্টির ফোঁটা বজ্রঝড়ের মাধ্যমে বায়ুমণ্ডলের অত্যন্ত ঠান্ডা জায়গায় ঊর্ধ্বমুখী হয় এবং জমাট বাঁধে, তখন শিলাবৃষ্টি তৈরি হয়। শিলা কীভাবে তৈরি হয়- এ সম্পর্কে এভাবেই যুক্তরাষ্ট্রের ন্যাশনাল স্টর্মস ল্যাবরেটরির ওয়েবসাইটে বর্ণনা করা হয়েছে। আবহাওয়া বিশেষজ্ঞরা বলছেন, শিলাবৃষ্টির প্রধান শর্ত প্রচণ্ড গরম। বাংলাদেশে চৈত্র-বৈশাখ মাসে এরকম গরম পড়ে। ফলে মার্চ থেকে মে মাসের মধ্যে যে কালবৈশাখি ঝড় হয়, তখন স্বাভাবিকভাবেই শিলাবৃষ্টি হয়। এ সময় ভূ-পৃষ্ঠ সংলগ্ন বায়ুমণ্ডলের কোথাও কোথাও ৩৪ থেকে ৩৫ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা থাকে। ওই সময় সমুদ্রপৃষ্ঠ থেকে দখিনা বাতাস আসতে পারে। তার সঙ্গে যোগ হয় বিহার এবং পশ্চিমবঙ্গের তাপীয় লঘুচাপ। একইসাথে বঙ্গোপসাগর থেকে আসা জলীয় বাষ্পে পূর্ণ আর্দ্র বাতাস যুক্ত হয়। এই দুটির সাথে বিভিন্ন অঞ্চল থেকে আসা অপেক্ষাকৃত শীতল বাতাসের সংমিশ্রণে মেঘমালা তৈরি হয়। এগুলো ভূ-পৃষ্ঠের তিন কিলোমিটার উপর থেকে আরো ১৮ থেকে ২২ কিলোমিটার পর্যন্ত উপরে উঠে যায়। জলীয় বাষ্প উপরে উঠে আরও ঠান্ডা হয়ে যায় এবং ছোটো ছোটো বরফ কণায় পরিণত হয়। এই ছোটো ছোটো বরফ কণা আশেপাশের আরও বরফ খণ্ডের সঙ্গে যুক্ত হয় এবং শিলা খণ্ডে পরিণত হয়। শিলা খণ্ড যখন বেশি ভারী হয়ে যায়, তখন এর ওজনকে আর বায়ুমণ্ডল ধরে রাখতে পারে না। তখন এগুলো শিলাবৃষ্টি আকারে ভূ-পৃষ্ঠে নেমে আসে। আবহাওয়াবিদ এ কে এম নাজমুল হক বলেন, ”এপ্রিল-মে মাসের মেঘ থেকে বজ্রপাতের মতো ঘটনা ঘটে। মেঘ যেখানে থাকে, সেখান থেকে ১০ কিলোমিটার দূরেও বজ্রপাত হতে পারে। আর এই সময়ে প্রচণ্ড ঝড় হয় এবং ঝড় ৩০ মিনিট থেকে এক ঘণ্টার মাঝে থেমে যায়। কিন্তু শিলাবৃষ্টি হয় সর্বোচ্চ এক থেকে পাঁচ মিনিট। কারণ এর ওজন বেশি। এটি নিজেকে ধরে রাখতে পারে না।„

**শিলাবৃষ্টির আকার কীভাবে নির্ধারণ হয়?**

এর আগে, গত বছর আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক জানান, ”হিমাঙ্ক থেকে মাইনাস ৮০ ডিগ্রি পর্যন্ত যে-সব শিলাকণা তৈরি হয়, তার সাইজ যদি ক্লাউড টপ থেকে নিচের দিকে ধাবিত হয় হিমাঙ্ক রেখা বরাবর তখন ওই শিলার সাইজ বড়ো হয়। কারণ তাপমাত্রা নেগেটিভ।„ ”আবার হিমাঙ্ক রেখা পার হওয়ার পর শিলাবৃষ্টির সাইজ ছোটো হতে থাকে। কোনো কোনো সময় ছোটো ছোটো হতে হতে বায়ুমণ্ডলেই বিলীন হয়ে যায়। অর্থাৎ ভূ-পৃষ্ঠে পড়ে না,„ বলেন মি. মল্লিক। হিমাঙ্ক রেখা হলো, যেখান থেকে বাতাসের তাপমাত্রা শূন্য ডিগ্রি সেলসিয়াস বা তার নিচে নেমে যায়। আর ক্লাউড টপ হলো- মেঘের দৃশ্যমান অংশের সর্বোচ্চ উচ্চতা।

**শিলাবৃষ্টি আকার কত হয় সাধারণত?**

গত বছর সিলেট ও সুনামগঞ্জে যখন ব্যাপক শিলাবৃষ্টি হয়, তখন 'বাংলাদেশের সিলেটের শিলাবৃষ্টির আকার কি অস্বাভাবিক?' শীর্ষক প্রতিবেদন করেছিল বিবিসি বাংলা। সেখানে তখন ”হাফ ইঞ্চি ব্যাসার্ধে এক ইঞ্চি বৃত্ত আকারের শিলা„ রেকর্ড করা হয়েছিল। তখন আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক প্রসঙ্গক্রমে বলেছিলেন, ”সাধারণত হাফ ইঞ্চি পর্যন্ত হয় শিলাবৃষ্টির সাইজ। সাধারণত এক থেকে একশ গ্রাম পর্যন্ত হয় এর আকার।„ তখন তিনি জানান, বাংলাদেশে বিশেষ করে নওগাঁ, সাতক্ষীরা, রংপুর, রাজশাহী, দিনাজপুর, ময়মনসিংহ, সিলেট, চাঁপাইনবাবগঞ্জ, লালমনিরহাট, মাদারীপুর, ফরিদপুর, ঢাকা এসব এলাকায় মার্চ, এপ্রিল, মে মাসে এমনকি জুন-জুলাই মাসেও বজ্রমেঘ তৈরি হয়ে শিলাবৃষ্টি হয়। তবে সিলেট অঞ্চলে শিলাবৃষ্টি বরাবরই বেশি হয়। কারণ এটি পাহাড় অধ্যুষিত এলাকা। ”এ ধরনের এলাকায় উত্তর পশ্চিম থেকে যখন মেঘগুলো আসে, তখন পাহাড়ি বাতাস ও অঞ্চলের সাথে সমন্বয় ঘটে শিলাবৃষ্টি বা বজ্রপাতের প্রবণতা বেড়ে যায়,„ ওইসময় বলেছিলেন সিলেট বিভাগের সহকারী আবহাওয়াবিদ শাহ মো. সজিব হোসাইন। এই আরও আবহাওয়াবিদ জানান, মার্চ মাস থেকে মে, এই তিন মাসকে প্রাক-মৌসুম বলা হয়। এই তিন মাস একই রকমের আবহাওয়ার পূর্বাভাস করা হয়।

(বিবিসি ওয়েব পেজ : ১৭.০৪.২০২৬ আলী আহমেদ)

## হিজবুল্লাহ `কখনোই অস্ত্র ছাড়বে না, : বিবিসিকে শীর্ষ নেতা

লেবানন ও ইসরায়েলের মধ্যে ১০ দিনের একটি যুদ্ধবিরতি কার্যকর হওয়ার কয়েক ঘণ্টা আগে, হিজবুল্লাহর শীর্ষ নেতা ওয়াফিক সাফা বিবিসিকে বলেছেন, এই গোষ্ঠীটি ”কখনোই, কোনো পরিস্থিতিতেই„ অস্ত্র ত্যাগ করবে না। ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বলেছেন, লেবানন সরকারের সঙ্গে ভবিষ্যৎ আলোচনায় হিজবুল্লাহকে নিরস্ত্রীকরণ একটি মৌলিক দাবি। নিরস্ত্রীকরণ প্রসঙ্গে প্রশ্ন করা হলে সাফা বলেন, ”যথাযথ, একটি প্রকৃত যুদ্ধবিরতি না হওয়া পর্যন্ত নয়। ইসরায়েলি সেনা প্রত্যাহার না হওয়া পর্যন্ত নয়। বন্দিদের মুক্তির আগে নয়, বাস্তুচ্যুত মানুষের ফেরার আগে নয় এবং পুনর্গঠন শুরুর আগে নয়। এর আগে, হিজবুল্লাহর অস্ত্র নিয়ে কথা বলা সম্ভব নয়।„ বৈরুতের একটি আবাসিক ভবনে নেওয়া এই সাক্ষাৎকারে হিজবুল্লাহ ও তাদের প্রধান আঞ্চলিক পৃষ্ঠপোষক ইরানের মধ্যে সমন্বয়ের একটি বিরল চিত্র উঠে এসেছে। সাফা বলেন, ”হিজবুল্লাহ ও ইরান- এক দেহে দুই আত্মা। ইরান ছাড়া কোনো হিজবুল্লাহ নেই, আর

হিজবুল্লাহ ছাড়া কোনো ইরান নেই।„ সম্পর্কটিকে তিনি বর্ণনা করেন, "ধর্মীয়, আইনি ও আদর্শিক„ হিসেবে। শিয়া মুসলিম রাজনৈতিক ও সামরিক সংগঠন হিজবুল্লাহ ইসরায়েলের অস্তিত্বের অধিকারকে স্বীকার করে না এবং যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ইসরায়েলসহ বহু দেশের কাছে এটি একটি সন্ত্রাসী সংগঠন হিসেবে বিবেচিত। গত মার্চের শুরুতে ইসরায়েলের ভূখণ্ডে রকেট ছুড়ে সাম্প্রতিক সংঘাতে যুক্ত হয় হিজবুল্লাহ। তাদের দাবি, এটি ছিল ইরানের সর্বোচ্চ নেতাকে হত্যার প্রতিশোধ এবং ২০২৪ সালের নভেম্বরের সর্বশেষ যুদ্ধের পর থেকে লেবাননে প্রায় প্রতিদিন চালানো ইসরায়েলি হামলার জবাব। এর জেরে ইসরায়েল ব্যাপক বিমান হামলা চালায় এবং দক্ষিণ লেবাননে আরেকটি স্থল অভিযানে নামে। ইসরায়েল জানায়, হিজবুল্লাহ নিরস্ত্র না হওয়া পর্যন্ত তাদের অভিযান চলবে। লেবাননের স্বার্থ না ইরানের স্বার্থ- কোনটি হিজবুল্লাহ অগ্রাধিকার দিচ্ছে, এমন প্রশ্নে সাফা বলেন, "নিশ্চয়ই হিজবুল্লাহ লেবাননের স্বার্থের দিকেই তাকিয়ে আছে।„ তার যুক্তি, যুদ্ধবিরতির জন্য চাপসহ ইরানি সমর্থন বর্তমান সংঘাতে লেবাননকে সহায়তা করেছে। তবে অনেক লেবাননি- যাদের সঙ্গে সাম্প্রতিক প্রতিবেদনের সময় বিবিসি কথা বলেছে তাদের মধ্যে কেউ কেউ বলছেন, তারা হিজবুল্লাহকে নিরস্ত্র দেখতে চান এবং দেশকে সংঘাতে ঠেলে দেওয়ার জন্য গোষ্ঠীটিকেই দায়ী করছেন। হিজবুল্লাহ যখন নিরস্ত্রীকরণে অস্বীকৃতি জানিয়ে আরও বিস্তৃত শর্তে অনড়, আর ইসরায়েল যখন তার নিরাপত্তাসংক্রান্ত দাবিতে অটল, তখন যে-কোনো যুদ্ধবিরতিই হয়ত দীর্ঘস্থায়ী এক সংঘাতের কেবল সাময়িক বিরতি হয়ে থাকতে পারে।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৪.২০২৬ এলিনা)

## সমুদ্র পাড়ি দিতে গিয়ে এক বছরে ৯০০ জন রোহিঙ্গার মৃত্যু বা নিখোঁজ : ইউএনএইচসিআর

দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার সমুদ্রপথে শরণার্থী ও অভিবাসীদের যাত্রায় ২০২৫ সাল ছিল ইতিহাসের সবচেয়ে প্রাণঘাতী বছর। জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর-এর সাম্প্রতিক তথ্য অনুযায়ী, গত বছর আন্দামান সাগর এবং বঙ্গোপসাগর পাড়ি দিতে গিয়ে প্রায় ৯০০ জন রোহিঙ্গা শরণার্থী মৃত্যু বা নিখোঁজের শিকার হয়েছেন। ইউএনএইচসিআর-এর তথ্য মতে, ২০২৫ সালে ৬ হাজার ৫০০-এর বেশি রোহিঙ্গা অত্যন্ত ঝুঁকিপূর্ণভাবে সমুদ্র পাড়ি দেওয়ার চেষ্টা করেন। এর মধ্যে প্রতি সাতজনের মধ্যে একজন মারা গেছেন অথবা নিখোঁজ হয়েছেন। এটি বিশ্বে শরণার্থী ও অভিবাসীদের সমুদ্রযাত্রার যে-কোনো প্রধান রুটের মধ্যে সর্বোচ্চ মৃত্যুহার বলে দাবি ইউএনএইচসিআর-এর। সংস্থাটি বলছে, সাম্প্রতিক বছরগুলোতে সমুদ্র পাড়ি দেওয়া এই শরণার্থীদের অর্ধেকের বেশি নারী ও শিশু। ২০২৬ সালেও এই ভয়াবহ ধারা অব্যাহত রয়েছে। এ বছরের পহেলা জানুয়ারি থেকে ১৩ এপ্রিলের মধ্যে ২ হাজার ৮০০ জনের বেশি রোহিঙ্গা আবারও উত্তাল সমুদ্রপথে জীবনের ঝুঁকি নিয়েছেন। সম্প্রতি আন্দামান সাগরে ট্রলার ডুবে আনুমানিক ২৫০ জন নিখোঁজ হন। যে ঘটনায় মাত্র নয়জনকে জীবিত উদ্ধার করা সম্ভব হয়।
(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৪.২০২৬ এলিনা)

## যুদ্ধবিরতির বাকি সময়টুকু হরমুজ প্রণালি 'উন্মুক্ত' রাখার ঘোষণা ইরানের

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি ঘোষণা দিয়েছেন যে, চলমান যুদ্ধবিরতির অবশিষ্ট সময়ের জন্য কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালি সব ধরনের বাণিজ্যিক জাহাজ চলাচলের জন্য 'সম্পূর্ণ উন্মুক্ত থাকবে'। সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ দেওয়া এক বিবৃতিতে মি. আরাঘচি বলেন, "লেবাননে কার্যকর হওয়া যুদ্ধবিরতির সঙ্গে সংগতি রেখে হরমুজ প্রণালি দিয়ে সব ধরনের বাণিজ্যিক জাহাজ চলাচলের পথ সম্পূর্ণ উন্মুক্ত ঘোষণা করা হয়েছে।„ "ইরানের বন্দর ও সমুদ্র বিষয়ক সংস্থা কর্তৃক পূর্বঘোষিত সমন্বিত রুট অনুযায়ী এই চলাচল অব্যাহত থাকবে,„ জানান তিনি। ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলা শুরু হলে এর প্রতিক্রিয়ায় বিশ্বের অন্যতম ব্যস্ত এই তেল পরিবহণ পথটি কার্যকরভাবে বন্ধ করে দিয়েছিল ইরান। চলতি সপ্তাহের শুরুর দিকে হরমুজ প্রণালিতে নৌ-অবরোধ শুরুর ঘোষণা দেয় যুক্তরাষ্ট্রও। ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে বর্তমানে দুই সপ্তাহের একটি যুদ্ধবিরতি চলছে, যার মেয়াদ আগামী ২২ এপ্রিল শেষ হওয়ার কথা রয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৪.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালি উন্মুক্ত ঘোষণা করায় ইরানকে ট্রাম্পের `ধন্যবাদ,

ইরানের পক্ষ থেকে হরমুজ প্রণালি পুনরায় উন্মুক্ত করার ঘোষণা আসতেই তাৎক্ষণিক প্রতিক্রিয়া জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। নিজের সামাজিক যোগাযোগমাধ্যম `ট্রুথ সোশ্যাল,-এ দেওয়া এক পোস্টে তিনি এই পদক্ষেপকে স্বাগত জানান। ট্রাম্প তার পোস্টে লিখেছেন, "ইরান এইমাত্র ঘোষণা করেছে যে, তাদের প্রণালি (হরমুজ প্রণালি) এখন সম্পূর্ণ উন্মুক্ত এবং জাহাজ চলাচলের জন্য পুরোপুরি প্রস্তুত, ধন্যবাদ।„ এর আগে, ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি ঘোষণা করেছিলেন যে, চলমান যুদ্ধবিরতির বাকি সময়টুকু বিশ্বের অন্যতম ব্যস্ত এই তেল পরিবহণ পথটি বাণিজ্যিক জাহাজের জন্য খোলা থাকবে।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৪.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালি ব্যবসার জন্য পুরোপুরি উন্মুক্ত, তবে যুক্তরাষ্ট্রের নৌ অবরোধ থাকবে : ট্রাম্প

ট্রুথ সোশালে নতুন করে দেওয়া এক পোস্টে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, হরমুজ প্রণালি "পুরোপুরি উন্মুক্ত এবং ব্যবসার জন্য প্রস্তুত„।এরপর তিনি লেখেন, "কিন্তু ইরানের ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের নৌ অবরোধ পুরোপুরি

কার্যকর ও বহাল থাকবে এবং তা চলবে যতক্ষণ না ইরানের সঙ্গে আমাদের লেনদেন শতভাগ সম্পূর্ণ হচ্ছে।" "এই প্রক্রিয়াটি খুব দ্রুত এগোনোর কথা, কারণ বেশিরভাগ বিষয় আগেই আলোচনার মাধ্যমে ঠিক হয়ে গেছে। এই বিষয়ে মনোযোগ দেওয়ার জন্য ধন্যবাদ! প্রেসিডেন্ট ডোনাল্ড জে. ট্রাম্প।„(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৪.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালি বন্ধের প্রভাব `পুরো পৃথিবীতে, পড়েছে : ম্যাক্রোঁ

ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রোঁ বলেছেন, হরমুজ প্রণালি বন্ধ হয়ে যাওয়ায় "পুরো পৃথিবী এবং বৈশ্বিক অর্থনীতির ওপর অত্যন্ত গুরুতর প্রভাব„ পড়েছে। এমানুয়েল ম্যাক্রোঁ ও যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার আজ প্রায় ৪০টি দেশের একটি ভার্চুয়াল বৈঠকের সভাপতিত্ব করেছেন। এরপরই সাংবাদিকদের সামনে কথা বলেন তিনি। ম্যাক্রোঁ সাম্প্রতিক কয়েকটি ঘোষণাকে স্বাগত জানান। এর মধ্যে রয়েছে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে যুদ্ধবিরতি, লেবাননে সাম্প্রতিক যুদ্ধবিরতি যেটিকে "পুরোপুরি মানতে হবে„ বলে তিনি উল্লেখ করে এবং হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়া। "কূটনীতি আমাদের এগিয়ে নিচ্ছে,„ বলেন ম্যাক্রোঁ। তিনি জানান, আজ যে-সব দেশের প্রতিনিধিরা বৈঠকে বসেছেন, তারা সব পক্ষের কাছ থেকে "হরমুজ প্রণালি অবিলম্বে, নিঃশর্ত ও পূর্ণমাত্রায় পুনরায় খুলে দেওয়ার„ দাবি জানিয়েছেন। একইসঙ্গে তারা "যুদ্ধের আগে যে মুক্ত নৌ চলাচলের ব্যবস্থা ছিল, তা পুনঃপ্রতিষ্ঠার„ দাবি করেন। ম্যাক্রোঁ বলেন, এই দেশগুলো প্রণালিকে নিয়ন্ত্রণে নেওয়ার যে-কোনো চেষ্টা এবং যে-কোনো ধরনের টোল ব্যবস্থা আরোপের বিরোধিতা করে।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৪.২০২৬ রনি)

## হরমুজ প্রণালিতে নৌ-চলাচলের স্বাধীনতার জন্য সামরিক সহায়তায় আগ্রহী জার্মান চ্যান্সেলর

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে চলমান উত্তেজনা প্রশমন এবং মধ্যপ্রাচ্যে দীর্ঘস্থায়ী শান্তি প্রতিষ্ঠায় দেশগুলোকে দ্রুত কূটনৈতিক সমাধানে পৌঁছানোর আহ্বান জানিয়েছেন জার্মান চ্যান্সেলর ফ্রিডরিখ মের্জ। সংবাদ সম্মেলনে তিনি হরমুজ প্রণালিতে নৌ-চলাচলের স্বাধীনতা রক্ষায় জার্মানির পক্ষ থেকে সামরিক সহায়তারও প্রস্তাব দেন। মের্জ বলেন, শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে "কূটনৈতিক সমঝোতা„ অর্জনে চলমান প্রচেষ্টা জোরদার করা সংশ্লিষ্ট সব পক্ষের জন্যই জরুরি। পাশাপাশি, হিজবুল্লাহ ও ইসরায়েলের সামনেও দীর্ঘস্থায়ী শান্তি স্থাপনে একটি "ঐতিহাসিক সুযোগ„ তৈরি হয়েছে বলেও তিনি উল্লেখ করেন। সম্প্রতি ইরান হরমুজ প্রণালি খুলে দেওয়ার যে ঘোষণা দিয়েছে, তাকে "সুসংবাদ„ হিসেবে স্বাগত জানালেও মের্জের দাবি- এটি হতে হবে স্থায়ী, নিরাপদ এবং সম্পূর্ণ "শুল্কমুক্ত„। হরমুজ প্রণালিতে নৌ-চলাচলের স্বাধীনতা এবং নিরাপত্তা নিশ্চিত করতে সামরিক সহযোগিতা ও মাইন অপসারণের মতো কারিগরি সহায়তার আগ্রহ প্রকাশ করেন তিনি। যদিও তিনি উল্লেখ করেন যে, এই ধরনের পরিকল্পনার জন্য অবশ্যই জাতিসংঘ এবং জার্মান পার্লামেন্টের অনুমোদন প্রয়োজন হবে। এছাড়া, এই মিশনে যুক্তরাষ্ট্রের অংশগ্রহণ বিশেষভাবে "বাঞ্ছনীয়„ বলেও তিনি মনে করেন।।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৪.২০২৬ রনি)

## ইরানের `পারমাণবিক ধূলিকণা যুক্তরাষ্ট্র ফিরিয়ে নেবে,: ট্রাম্পের পোস্ট

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তার ট্রুথ সোশ্যাল অ্যাকাউন্টে লিখেছেন, "আমাদের মহান বি-২ বোমারু বিমানের মাধ্যমে সৃষ্ট সব পারমাণবিক 'ধূলিকণা' যুক্তরাষ্ট্র ফিরিয়ে নেবে এবং কোনোভাবেই কোনো অর্থের লেনদেন হবে না„। "এই চুক্তিতে কোনোভাবেই লেবানন অন্তর্ভুক্ত নয়, তবে যুক্তরাষ্ট্র আলাদাভাবে লেবাননের সঙ্গে কাজ করবে এবং হিজবুল্লাহ ইস্যু যথাযথভাবে মোকাবিলা করবে। ইসরায়েল আর লেবাননে বোমাবর্ষণ করবে না। যুক্তরাষ্ট্র তাদের তা করতে নিষেধ করেছে।„ এই বার্তাটি প্রকাশের কয়েক মিনিট আগে ট্রাম্প হরমুজ প্রণালি পুরোপুরি খুলে দেওয়ার জন্য ইরানকে ধন্যবাদ জানান। যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যম অ্যাক্সিওস আজ মার্কিন কর্মকর্তাদের উদ্ধৃত করে জানিয়েছে, যুদ্ধের অবসানে যুক্তরাষ্ট্র ও ইরান তিন পাতার একটি পরিকল্পনা নিয়ে আলোচনা চালাচ্ছে। আলোচনাধীন শর্তগুলোর একটি হলো- সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত হস্তান্তরের বিনিময়ে যুক্তরাষ্ট্র ইরানের জব্দ থাকা ২০ বিলিয়ন (দুই হাজার কোটি) ডলার সম্পদ মুক্ত করবে।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৪.২০২৬ রনি)

## হরমুজ প্রণালি নিরাপদ করতে আন্তর্জাতিক মিশনের ঘোষণা স্টারমারের

ইরানের পক্ষ থেকে হরমুজ প্রণালি খুলে দেওয়ার ঘোষণাকে স্বাগত জানালেও, এই সমস্যার একটি `দীর্ঘমেয়াদি ও কার্যকর, সমাধানের ওপর জোর দিয়েছেন ব্রিটিশ প্রধানমন্ত্রী স্যার কিয়ের স্টারমার। হরমুজ প্রণালি দিয়ে নিরাপদ জাহাজ চলাচল নিশ্চিত করতে যুক্তরাজ্য ও ফ্রান্স একটি আন্তর্জাতিক মিশনে নেতৃত্ব দেবে বলেও ঘোষণা দিয়েছেন তিনি। স্টারমার বলেছেন, বিশ্বনেতারা একজোট হয়ে এই বার্তাই দিচ্ছেন যে, হরমুজ প্রণালি অবশ্যই কোনো ধরনের অতিরিক্ত শুল্ক বা বিধিনিষেধ ছাড়াই উন্মুক্ত রাখতে হবে। বৈশ্বিক অর্থনৈতিক ধাক্কা সামাল দিতে পরিবেশ অনুকূলে আসার সাথে সাথেই বাণিজ্যিক জাহাজ চলাচল পুনরায় শুরু করার আহ্বান জানান তিনি। নৌ-চলাচলের স্বাধীনতা রক্ষার ঘোষণা দিয়ে ব্রিটিশ প্রধানমন্ত্রী বলেন, "পরিস্থিতি অনুকূলে আসা মাত্রই ব্রিটেন ও ফ্রান্সের নেতৃত্বে একটি আন্তর্জাতিক মিশন শুরু হবে।„ "এই মিশনটি হবে সম্পূর্ণ শান্তিপূর্ণ এবং আত্মরক্ষামূলক,„ বলেন তিনি। এর রূপরেখা চূড়ান্ত করতে আগামী সপ্তাহে লন্ডনে একটি বিশেষ পরিকল্পনা সম্মেলন অনুষ্ঠিত হবে। স্টারমার জানান, ইতোমধ্যে

অন্তত ১২টি দেশ এই মিশনে সামরিক সরঞ্জাম ও সম্পদ দিয়ে সহায়তা করতে সম্মত হয়েছে। বক্তব্যের শেষে তিনি পুনর্ব্যক্ত করেন যে, সাধারণ মানুষ এখন সংঘাতের অবসান এবং স্থিতিশীলতা ফিরে আসা দেখতে চায়।
(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৪.২০২৬ রনি)

## ইরান আর কখনও হরমুজ প্রণালি বন্ধ না করতে রাজি, দাবি ট্রাম্পের

সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশালে ধারাবাহিক কয়েকটি পোস্টে আজকের দিনটিকে বিশ্বের জন্য একটি ”মহান ও উজ্জ্বল দিন„ হিসেবে বর্ণনা করেন ডোনাল্ড ট্রাম্প। পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ এবং দেশটির সেনাপ্রধান আসিম মুনিরকে ধন্যবাদ জানানোর পাশাপাশি তিনি সৌদি আরব, কাতার এবং সংযুক্ত আরব আমিরাতকেও তাদের ”সাহসিকতার„ জন্য কৃতজ্ঞতা জানান। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট লেখেন, ”ইরান সম্মত হয়েছে যে, তারা আর কখনও হরমুজ প্রণালি বন্ধ করবে না এবং এটিকে অস্ত্র হিসেবে ব্যবহার করবে না।„ তিনি আরও লেখেন, যুক্তরাষ্ট্রের সহায়তায় ইরান পারস্য উপসাগরে পুঁতে রাখা মাইন অপসারণ করেছে বা অপসারণের প্রক্রিয়ায় রয়েছে। ট্রাম্প আবারও জোর দিয়ে বলেন, ইরানের সঙ্গে চুক্তিতে লেবানন অন্তর্ভুক্ত নয়। তিনি আবারও ন্যাটোর সমালোচনা করে একে ”কাগুজে বাঘ„ বলে উল্লেখ করেন এবং বলেন, এখন হরমুজ প্রণালি খুলে যাওয়ায় তারা সহায়তা দিতে প্রস্তুত। তবে এখন সহায়তা চান না তিনি। এ বিষয়ে এখনো ইরান কোনো প্রতিক্রিয়া জানায়নি।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৪.২০২৬ রনি)

# এনএইচকে

## ইরানের সঙ্গে আলোচনা 'সপ্তাহান্তে' হতে পারে : ট্রাম্প

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যুদ্ধবিরতি শেষ হওয়ার এক সপ্তাহেরও কম সময় আগে, উভয়পক্ষই সম্ভবত আলোচনার আরেকটি পর্বের নিকটবর্তী হচ্ছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বৃহস্পতিবার বলেছেন, পরবর্তী বৈঠকটি সপ্তাহান্তে অনুষ্ঠিত হতে পারে। ট্রাম্প ইরানের পরমাণু কর্মসূচি নিয়ে একটি নতুন অগ্রগতির কথাও ঘোষণা করেন। তিনি বলেন, ”আমাদের এটা নিশ্চিত করতে হতো যে, ইরান যেন কখনোই পরমাণু অস্ত্র না পায় এবং আমরা সেই লক্ষ্যে আছি। তারা এতে রাজি হয়েছে। তারা এতে পুরোপুরি রাজি হয়েছে। তারা প্রায় সবকিছুতেই রাজি হয়েছে।„ পাকিস্তানের সেনাপ্রধান আসিম মুনির তেহরানে ইরানের সংসদীয় স্পিকার মোহাম্মাদ বাঘের ঘালিবাফের সঙ্গে বৈঠক করেন। ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম জানায়, পরবর্তী দফার আলোচনার জন্য একটি পরিকল্পনা প্রণয়ন করাই ছিল এই বৈঠকের লক্ষ্য।(এনএইচকে ওয়েব পেজ: ১৭.০৪.২০২৬ রনি)

# ডয়চে ভেলে

## টেলিভিশন টকশো-সোশ্যাল মিডিয়া নিয়ে ভাবতে হবে : মির্জা ফখরুল

বাংলাদেশের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ”রাজনীতিতে অনেক কচকচানি কথাই থাকবে। পার্লামেন্টের কথা শুনলে আপনাদের অনেক ভালো লাগবে, অনেকের ভালো লাগবে না। রাস্তায় বিভিন্ন বক্তৃতা শুনলে, কথা শুনলে আপনাদের মনে হবে যে, এটা আবার কী হলো! এটা আমরা আশা করিনি।„ আজ শুক্রবার রাজধানীর বারিধারায় আয়োজিত এক অনুষ্ঠানে তিনি আরো বলেন, ”টেলিভিশনের টকশো আপনাদেরকে বিভ্রান্ত করবে। আরো বেশি বিভ্রান্ত করবে সোশ্যাল মিডিয়া, যে সোশ্যাল মিডিয়ায় আপনারা এখন সবাই আক্রান্ত। এই বিষয়গুলো সম্পর্কে আপনাদের ভাবতে হবে।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৭.০৪.২০২৬ রুবাইয়া)

## রাঙামাটিতে ইউপিডিএফ নেতাকে গুলি করে হত্যা, গুলিবিদ্ধ দুই বোন

রাঙামাটিতে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর এক সদস্যকে গুলি করে হত্যা করা হয়েছে। এ ঘটনায় গুলিতে আহত হয়েছেন তার দুই বোন। আজ শুক্রবার সকাল সোয়া ৬টার দিকে সদর উপজেলার কুতুকছড়ি ইউনিয়নের কুতুকছড়ি উপরপাড়ায় এ ঘটনা ঘটে বলে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম আলো জানিয়েছে। নিহত ব্যক্তির নাম ধর্মশিং চাকমা (৩৯)। তিনি কুতুকছড়ির ৪ নম্বর ওয়ার্ডের মৃত ধনঞ্জয় চাকমার ছেলে। ইউপিডিএফের (প্রসীত) যুব সংগঠন গণতান্ত্রিক যুব ফোরামের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ছিলেন ধর্মশিং। আহত দুইজন হলেন-ধর্মশিংয়ের দুই বোন ভাগ্যশোভা চাকমা (৩১) ও কৃপাসোনা চাকমা (৪৫)। তাদের রাঙামাটি জেনারেল হাসপাতালে প্রাথমিক চিকিৎসা শেষে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। গুলিতে হতাহতের ঘটনাটি ইউপিডিএফ (প্রসীত)-এর সংগঠক ও মুখপাত্র অংগ্য মারমা প্রথম আলোকে নিশ্চিত করেছেন। তিনি অভিযোগ করেন, পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির (জেএসএস) সদস্যরা এ ঘটনা ঘটিয়েছেন। ইউপিডিএফের আরেক সংগঠক নাম প্রকাশ না করার শর্তে প্রথম আলোকে বলেন, হামলার সময় ধর্মশিং চাকমা নিজ বাড়িতেই অবস্থান করছিলেন। এ সময় ১৭ থেকে ২০ জনের একটি সশস্ত্র দল তাকে লক্ষ্য করে গুলি করে। তার বুকে ও কোমরে গুলি লাগে। ঘটনাস্থলেই তিনি নিহত হন। গুলিতে তার দুই বোনও আহত হয়েছেন। তবে জেএসএস হামলার ঘটনায় জড়িত থাকার কথা অস্বীকার করেছে। জেএসএসের রাঙামাটি জেলা শাখার সভাপতি গঙ্গা মানিক চাকমা বলেন, ”ওই এলাকায় আমাদের কোনো কার্যক্রম নেই। ইউপিডিএফ আমাদের বিরুদ্ধে মিথ্যা তথ্য ছড়াচ্ছে।„ একই কথা বলেন জেএসএসের কেন্দ্রীয় কমিটির

সহ-তথ্য প্রচার সম্পাদক সজীব চাকমা। তিনি প্রথম আলোকে বলেন, ”এ ঘটনার সঙ্গে জেএসএসের কেউ জড়িত নয়। ইউপিডিএফ পার্বত্য চুক্তি বিরোধিতার নামে সন্ত্রাসী কর্মকাণ্ড শুরু করে নিজেরাই নানান প্রতিপক্ষের জন্ম দিয়েছে। এ কারণে অনেকেই ইউপিডিএফের সন্ত্রাসী কর্মকাণ্ড প্রতিরোধে নেমেছেন।„ রাঙামাটি জেনারেল হাসপাতালের আবাসিক চিকিৎসক সৈকত আকবর বলেন, ”ভাগ্যশোভা চাকমা ও কৃপা সোনা চাকমা নামের দুই নারীকে গুলিবিদ্ধ অবস্থায় হাসপাতালে আনা হয়। তাদের দুইজনের হাতে গুলি লেগেছে। প্রাথমিক চিকিৎসা দিয়ে তাদের উন্নত চিকিৎসার জন্য চট্টগ্রামে পাঠানো হয়েছে।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৭.০৪.২০২৬ রুবাইয়া)

## ২০২৫ সালে সমুদ্রপথে রোহিঙ্গাদের মৃত্যু রেকর্ড ছুঁয়েছে : ইউএনএইচসিআর

জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর জানিয়েছে, ২০২৫ সালে আন্দামান সাগর ও বঙ্গোপসাগরে প্রায় ৯০০ রোহিঙ্গা শরণার্থী নিখোঁজ হয়েছেন বা মৃত্যুবরণ করেছেন। এ কারণে ২০২৫ সালকে সমুদ্রপথে ঝুঁকি নিয়ে অন্য দেশে যেতে চাওয়া মানুষদের জন্য সবচেয়ে প্রাণঘাতী বছর মনে করে তারা। আজ শুক্রবার জেনেভায় ইউএনএইচসিআর-এর মুখপাত্র বাবর বালোচ সাংবাদিকদের বলেন, গত বছর আনুমানিক ছয় হাজার ৫০০-র মতো রোহিঙ্গা শরণার্থী সমুদ্রপথ পাড়ি দেওয়ার চেষ্টা করে। তাদের প্রতি সাতজনের মধ্যে একজনেরও বেশি নিখোঁজ বা মৃত উল্লেখ করে তিনি বলেন, শরণার্থী ও অভিবাসীদের সমুদ্রযাত্রার ক্ষেত্রে এটি বিশ্বব্যাপী সর্বোচ্চ মৃত্যুহার।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৭.০৪.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## হজযাত্রীদের জন্য শুভেচ্ছা উপহার পাঠালেন প্রধানমন্ত্রী

হজযাত্রীদের জন্য শুভেচ্ছা উপহার পাঠিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তার পক্ষ থেকে পাঠানো উপহারসামগ্রী ইতোমধ্যে ঢাকা হজ অফিসে এসে পৌঁছেছে। শুক্রবার (১৭ এপ্রিল) ধর্ম মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। হজ অফিসের পরিচালক মো. লোকমান হোসেন জানান, প্রধানমন্ত্রীর পক্ষ থেকে আল্লাহর মেহমানদের জন্য কয়েক ধরনের উপহারসামগ্রী পাঠানো হয়েছে। এর মধ্যে রয়েছে- এক লাখ বোতল মিনারেল ওয়াটার, যা হজক্যাম্পে আগত হজযাত্রীদেরকে সরবরাহ করা হচ্ছে। এছাড়া প্রধানমন্ত্রীর পক্ষ হতে উদ্‌বোধনী ফ্লাইটের হজযাত্রীদের জন্য ব্যাকপ্যাক, ইহরাম সাবান, পানির পট, পেট্রোলিয়াম জেলি, মিসওয়াক ও আজওয়া খেজুর পাঠানো হয়েছে। এসব উপহারসামগ্রী প্যাকেটজাত করা হয়েছে এবং তা উদ্‌বোধনী ফ্লাইটের হজযাত্রীদের কাছে হস্তান্তর করা হবে। শুক্রবার রাতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে হজ ফ্লাইটের উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এ বছর বাংলাদেশ থেকে ৭৮ হাজার ৫০০ জন হজযাত্রী হজ পালন করবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## সরকারের দুই মাস পূর্তিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সংবাদ সম্মেলন শনিবার

সরকারের দুই মাস পূর্তি উপলক্ষ্যে আগামীকাল শনিবার (১৮ এপ্রিল) সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। প্রধানমন্ত্রীর তেজগাঁও কার্যালয়ের `করবী, হলে বিকেল সাড়ে ৩টায় এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রীর প্রেস উইং সূত্রে জানা গেছে, সংবাদ সম্মেলনে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন, প্রেস সচিব ও মুখপাত্র সালেহ শিবলী, অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমনসহ প্রেস উইংয়ের সদস্যরা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## ১ লাখ ৩৮ হাজার টন জ্বালানি তেল নিয়ে চট্টগ্রাম বন্দরে চার জাহাজ

চট্টগ্রাম বন্দরে ১ লাখ ৩৮ হাজার টন পরিশোধিত জ্বালানি তেল নিয়ে চারটি জাহাজ এসেছে। এর মধ্যে তিনটিতে ১ লাখ ১০ হাজার ৬৫১ টন ডিজেল এবং অন্যটিতে ২৭ হাজার ৩৬৩ টন অকটেন রয়েছে। এর মধ্যে, বন্দরের আলফা অ্যাংকরে অবস্থান করা ৩৫ হাজার ৩৪৬ টন ডিজেল নিয়ে আসা লাইবেরিয়ার পতাকাবাহী `এমটি অকট্রি, জাহাজটি থেকে এরই মধ্যে লাইটারিং শুরু হয়েছে। এটি শনিবার (১৮ এপ্রিল) চট্টগ্রাম বন্দরের ডলফিন জেটিতে বার্থিং করার কথা রয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) এক উর্ধ্বতন কর্মকর্তা বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন। নাম প্রকাশে অনিচ্ছুক ওই কর্মকর্তা বলেন, ১৭ এপ্রিল ৪টি জাহাজ চট্টগ্রামে এসেছে। চলতি সপ্তাহে আরও বেশ কয়েকটি পার্সেল আসবে। সব মিলিয়ে তেলের কোনো সংকট থাকছে না।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## দেশের ইতিহাসে সর্বোচ্চ জ্বালানি মজুত রয়েছে : প্রতিমন্ত্রী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বলেছেন, দেশে এপ্রিল ও মে মাসের জন্য পর্যাপ্ত জ্বালানি মজুত রয়েছে। একইসঙ্গে জুন মাসের জ্বালানি সংগ্রহে কাজ করছে সরকার। শুক্রবার (১৭ এপ্রিল) সকালে চট্টগ্রামের পতেঙ্গায় ইস্টার্ন রিফাইনারি পরিদর্শনে এসে এ কথা বলেন তিনি। প্রতিমন্ত্রী বলেন, বর্তমানে দেশের ইতিহাসে সর্বোচ্চ পরিমাণ জ্বালানি মজুত রয়েছে। পাশাপাশি, বিভিন্ন উৎস থেকে জ্বালানি সংগ্রহের প্রচেষ্টা চালানো

হচ্ছে। ইস্টার্ন রিফাইনারিতে পরিশোধন কার্যক্রম বন্ধ থাকায় পরিশোধিত জ্বালানি আমদানির ওপর বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে। লোডশেডিং প্রসঙ্গে প্রতিমন্ত্রী বলেন, বৈশ্বিক পরিস্থিতির কারণে বর্তমানে শিল্প ও কৃষি খাতকে অগ্রাধিকার দিয়ে বিদ্যুৎ ব্যবস্থাপনা করা হচ্ছে। এ কারণে গৃহস্থালি খাতে তুলনামূলকভাবে কম বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। তবে মে মাসে ফসল উত্তোলন শুরু হলে পুনরায় গৃহস্থালি খাতকে অগ্রাধিকার দেওয়া হবে। এসময় জ্বালানি সচিব সাইফুল ইসলাম, পেট্রোবাংলার চেয়ারম্যান এহসানুল হক, জ্বালানি বিভাগের যুগ্ম সচিব আমির হোসেন চৌধুরী এবং ইস্টার্ন রিফাইনারি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক শরীফ হাসনাত উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## রাশিয়ার জ্বালানি আমদানিতে বাংলাদেশকে ৬০ দিনের ছাড় দিল যুক্তরাষ্ট্র

রাশিয়ার জ্বালানি আমদানিতে বাংলাদেশকে নতুন করে ৬০ দিনের জন্য নিষেধাজ্ঞা থেকে ছাড় দিয়েছে যুক্তরাষ্ট্র। বিশ্বজুড়ে চলমান জ্বালানি সংকটের অস্থিরতার মধ্যে বাংলাদেশের আবেদনের পরিপ্রেক্ষিতে এই ছাড় দেওয়া হলো। জ্বালানি ও খনিজসম্পদ বিভাগ এবং বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) সূত্র জানিয়েছে, **১১** এপ্রিল থেকে কার্যকর হওয়া এই ছাড়ের মেয়াদ আগামী ৯ জুন পর্যন্ত বহাল থাকবে। গত **১১** এপ্রিল আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়কে এই সিদ্ধান্তের কথা জানিয়েছে মার্কিন পররাষ্ট্র দপ্তর। এর আগে, গত **১২** মার্চ মার্কিন ট্রেজারি বিভাগ রুশ অপরিশোধিত তেল ও পেট্রোলিয়াম পণ্য-সংক্রান্ত লেনদেনে ৩০ দিনের ছাড় দিয়েছিল, যার মেয়াদ শেষ হয় **১১** এপ্রিল। তবে সেই লাইসেন্সটি শুধু **১২** মার্চ বা তার আগে জাহাজে তোলা পণ্যবাহী কার্গোর জন্য প্রযোজ্য ছিল। মূলত, ট্রানজিটে থাকা বা পথে থাকা চালানগুলো খালাস করতেই সেই সুযোগ দেওয়া হয়েছিল। তবে, আগের ওই নিষেধাজ্ঞার ছাড় বাংলাদেশের জন্য কোনো সুফল বয়ে আনেনি। কারণ, সেই সময় সমুদ্রপথে রাশিয়ার কোনো তেলবাহী জাহাজ বাংলাদেশের পথে ছিল না। এর আগে, গত ৩০ মার্চ মার্কিন সরকারকে পাঠানো এক চিঠিতে জ্বালানি বিভাগ আনুষ্ঠানিকভাবে সীমিত সময়ের জন্য এই নিষেধাজ্ঞায় ছাড় চেয়েছিল। ওই চিঠিতে বিশ্ববাজারে জ্বালানি তেলের ব্যাপক মূল্যবৃদ্ধি এবং মধ্যপ্রাচ্যের প্রথাগত উৎসগুলো থেকে জ্বালানি সংগ্রহের চ্যালেঞ্জগুলো উল্লেখ করা হয়। চিঠিতে আরও বলা হয়, জ্বালানি সম্পদের সহজলভ্যতা এবং দ্রুত সরবরাহের সক্ষমতার কারণে রাশিয়া এখন একটি নির্ভরযোগ্য বিকল্প সরবরাহকারী হিসেবে সামনে এসেছে। বাংলাদেশ ও মার্কিন কর্মকর্তাদের মধ্যে কয়েক দফা উচ্চপর্যায়ের আলোচনার পরিপ্রেক্ষিতে এই ছাড়ের আবেদন করা হয়েছিল। গত **১৮** মার্চ এক ভার্চুয়াল বৈঠকের পর ২০ মার্চ পররাষ্ট্র মন্ত্রণালয়কে এ বিষয়ে চিঠি দেয় বিপিসি। ওই বৈঠকে মার্কিন ট্রেজারি বিভাগ, মার্কিন পররাষ্ট্র দপ্তর, ওয়াশিংটনে অবস্থিত বাংলাদেশ দূতাবাস, ঢাকায় নিযুক্ত মার্কিন দূতাবাস ও জ্বালানি বিভাগের প্রতিনিধিরা অংশ নেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## রাশেদ প্রধানের বাসার সামনে বিক্ষুব্ধ জনতা, পিএস জনি পুলিশ হেফাজতে

সাম্প্রতিক সময়ে প্রধানমন্ত্রী তারেক রহমানকে নিয়ে জাতীয় গণতান্ত্রিক পার্টির (জাগপা) মুখপাত্র রাশেদ প্রধানের আক্রমণাত্মক ও কড়া মন্তব্য রাজনৈতিক অঙ্গনে তীব্র উত্তাপ সৃষ্টি করেছে। এ ঘটনাকে কেন্দ্র করে রাজধানীর মোহাম্মদপুরে রাশেদ প্রধানের বাসার সামনে বিক্ষুব্ধ জনতা অবস্থান নেয়। এ সময় রাশেদ প্রধানের ব্যক্তিগত সহকারী (পিএস) জনি নন্দী উত্তেজনাকর পরিস্থিতি সৃষ্টি করলে তাকে হেফাজতে নেয় মোহাম্মদপুর থানা পুলিশ। শুক্রবার (১৭ এপ্রিল) দুপুরের দিকে এ ঘটনা ঘটে বলে জানিয়েছেন তেজগাঁও বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) জুয়েল রানা। স্থানীয় সূত্র জানায়, আক্রমণাত্মক মন্তব্যের প্রতিবাদে শুক্রবার মোহাম্মদপুরে রাশেদ প্রধানের বাসার সামনে বিক্ষুব্ধ জনতা অবস্থান নেয়। এ সময় পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এডিসি জুয়েল রানা বলেন, ঘটনার এক পর্যায়ে রাশেদ প্রধানের ব্যক্তিগত সহকারী (পিএস) জনি নন্দী উত্তেজনাকর পরিস্থিতি সৃষ্টি করলে তাকে হেফাজতে নেয় মোহাম্মদপুর থানা পুলিশ। বর্তমানে তিনি মোহাম্মদপুর থানায় রয়েছেন এবং তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশের নজরদারি জোরদার করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## বাজারে অকটেন সরবরাহ ২৫% বাড়ানোর পরিকল্পনা বিপিসির

মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতির জেরে দেশের জ্বালানি খাতে অস্থিরতা কমছেই না। পাম্পগুলোতে যানবাহনের দীর্ঘ সারি কমার লক্ষণ দেখা যাচ্ছে না। ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করে তেল সংগ্রহ করতে হচ্ছে চালকদের। চলমান এই পরিস্থিতিতে আগামী রোববার (১৯ এপ্রিল) থেকে বাজারে অকটেন সরবরাহ বাড়ানোর চিন্তা করছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)। সংস্থাটি বলছে, সরবরাহ ২৫ শতাংশ বৃদ্ধি করা হতে পারে। শুক্রবার (১৭ এপ্রিল) বিপিসির চেয়ারম্যান মো. রেজানুর রহমান জাগো নিউজকে এই পরিকল্পনার কথা জানিয়েছেন। তিনি বলেন, ”বাজারে ২৫ শতাংশ অকটেন বাড়ানোর চিন্তা করছি। যাচাই-বাছাইয়ের কাজ চলছে। এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। তবে আমরা চিন্তা করছি।„ দেশে জ্বালানি তেল আমদানি ও সরবরাহের দায়িত্বে থাকা একমাত্র সরকারি সংস্থা বিপিসি। তাদের অধীনস্থ তিন বিপণন কোম্পানি- পদ্মা, মেঘনা ও যমুনার ডিলারদের মাধ্যমে সংস্থাটি তেল বিক্রি করে। এখন

বাজারে সরবরাহ বাড়ানো হলে ফিলিং স্টেশনে যানবাহনের সারি কমতে পারে বলে মনে করছেন সংশ্লিষ্ট ব্যক্তিরা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## রাঙামাটিতে ইউপিডিএফ নেতাকে গুলি করে হত্যা, ২ নারী আহত

রাঙামাটির সদর উপজেলার কুতুকছড়ি এলাকায় ইউপিডিএফ নেতা ধর্মসিংহ চাকমাকে গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা। এসময় তার আপন দুই বোন গুলিবিদ্ধ হয়েছেন। শুক্রবার (১৭ এপ্রিল) ভোর ৬টার দিকে কুতুকছড়ি আবাসিক এলাকায় এ ঘটনা ঘটে। আহতরা হলেন- ভাগ্যশোভা চাকমা ও কৃপাসোনা চাকমা। স্থানীয় সূত্রে জানা গেছে, কুতুকছড়ির উপরপাড়া এলাকায় নিজ বাসায় অবস্থানকালে দুর্বৃত্তরা ধর্মসিংহ চাকমাকে গুলি করে। ধর্মসিংহ চাকমা প্রসিত খীসার নেতৃত্বাধীন ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্টের (ইউপিডিএফ) সহযোগী সংগঠন গণতান্ত্রিক যুব ফোরামের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## নরসিংদীতে অভিযান চালিয়ে ৯ হাজার লিটার তেল জব্দ

নরসিংদীর পলাশে অবৈধভাবে মজুত করা ৯ হাজার লিটার ডিজেল উদ্ধার করেছে প্রশাসন। এ ঘটনায় অভিযুক্তদের ৬০ হাজার টাকা জরিমানা করা হয়। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) দিনগত রাত ১২টার দিকে জিনারদী ইউনিয়নের মূলপাড়া এলাকায় যৌথ অভিযান চালিয়ে এসব জ্বালানি জব্দ করা হয়। অভিযানে নেতৃত্ব দেন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নাঈম হাসান শুভ এবং অতিরিক্ত পুলিশ সুপার কলিমুল্লাহ। প্রশাসন সূত্রে জানা যায়, নিয়মিত নজরদারির অংশ হিসেবে চালানো এ অভিযানে মূলপাড়ায় অবস্থিত নূর নাবিলা সাইজিং মিল থেকে অবৈধভাবে সংরক্ষিত প্রায় ৯ হাজার লিটার ডিজেল শনাক্ত ও জব্দ করা হয়। পরে জব্দকৃত এই জ্বালানি সরকার নির্ধারিত মূল্যে মাধবদীর ভগিরতপুর এলাকার এম কে সিএনজি ফিলিং স্টেশনের মাধ্যমে বিক্রি করা হয়। এতে মোট ৮ লাখ ৪৭ হাজার ৫১০ টাকা রাজস্ব আদায় হয়, যা সরকারি কোষাগারে জমা দেওয়ার প্রক্রিয়া চলছে। এ ঘটনায় সংশ্লিষ্টদের ৬০ হাজার টাকা জরিমানা করা হয়, যা তাৎক্ষণিকভাবে আদায় করা হয়েছে। জেলা প্রশাসন ও পুলিশ জানিয়েছে, জনস্বার্থ রক্ষায় অবৈধ জ্বালানি মজুতের বিরুদ্ধে এ ধরনের অভিযান ভবিষ্যতেও নিয়মিতভাবে চলবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## ধর্ম-দল আলাদা হলেও দেশের প্রয়োজনে সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে

আমাদের ধর্ম-দল আলাদা থাকতে পারে, তবে দেশের প্রয়োজনে সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে বলে মন্তব্য করেছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রশাসক মো. আব্দুস সালাম। শুক্রবার (১৭ এপ্রিল) রাজধানীর ঢাকেশ্বরী মন্দিরে `মহানগর পরিবার দিবস-২০২৬, উদ্‌বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানের আয়োজন করেছে মহানগর সার্বজনীন পূজা কমিটি। আব্দুস সালাম বলেন, আমরা বিশ্বাস করি, বাংলাদেশে হিন্দু, মুসলিম, বৌদ্ধ এবং খ্রিষ্টানসহ সবাই মিলে একটা পরিবার। আমাদের মধ্যে এই পরিবারের বন্ধন যুগ যুগ ধরে ছিল। মাঝখানে অনেকে সেটা ছিন্ন করার চেষ্টা করেছে এবং এখনো হয়ত করবে। কিন্তু আমাদের যে সংস্কৃতি-সাহিত্য, সেটাকে কখনও ধর্ম দিয়ে আলাদা করা যাবে না। বাংলাদেশের মানুষ সব সময় ভাবে যে, ধর্ম যার যার কিন্তু দেশ আমাদের সবার। এই নীতিতে আমরা সবাই বিশ্বাস করি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## চিন্ময় দাসের দ্রুত মুক্তির ব্যবস্থা নেওয়ার আশ্বাস সংস্কৃতিমন্ত্রীর

বাংলাদেশ সম্মিলিত সনাতনী জাগরণ জোটের মুখপাত্র চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীর জামিন প্রসঙ্গে সংস্কৃতিমন্ত্রী অ্যাডভোকেট নিতাই রায় চৌধুরী বলেছেন, চিন্ময় দাসের বিরুদ্ধে কী অভিযোগ ছিল যে, তাকে এভাবে আটক রাখা হয়েছে। বিষয়টি নিয়ে আমি যথাযথ জায়গায় আজ-কালের মধ্যেই কথা বলবো এবং তার দ্রুত মুক্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেবো। শুক্রবার (১৭ এপ্রিল) রাজধানীর ঢাকেশ্বরী মন্দিরে `মহানগর পরিবার দিবস-২০২৬, উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। অনুষ্ঠানের আয়োজন করে মহানগর সার্বজনীন পূজা কমিটি। সংস্কৃতি মন্ত্রী বলেছেন, বাংলাদেশে পাহাড়ি জনগোষ্ঠী, সমতলের বিভিন্ন জনগোষ্ঠী, উপজাতি, জাতিসত্তা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীসহ নানা সম্প্রদায় রয়েছে। এসব জনগোষ্ঠীর সংস্কৃতি ও ঐতিহ্য সংরক্ষণে সংস্কৃতি মন্ত্রণালয় কাজ করছে এবং প্রয়োজনীয় অনুসন্ধান চালাচ্ছে। ঢাকেশ্বরী মন্দিরকে প্রত্নতাত্ত্বিক গুরুত্বসম্পন্ন স্থাপনার তালিকায় অন্তর্ভুক্ত করা উচিত বলে আমি মনে করি। তিনি উল্লেখ করেন, প্রধানমন্ত্রী স্পষ্টভাবে জানিয়েছেন যে, দেশে কোনো ধরনের বৈষম্য থাকবে না। রাজনৈতিক মতাদর্শ, ধর্ম ও সংস্কৃতির ভিন্নতা থাকা স্বাভাবিক হলেও, এসব বৈচিত্র্যের মধ্যে ঐক্য প্রতিষ্ঠাই সরকারের মূল লক্ষ্য। এটাই সরকারের নীতি এবং সেই নীতিতেই আমরা কাজ করছি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## আইএমএফ ঋণের কিস্তি নিয়ে অনিশ্চয়তা, হাল ছাড়েনি বাংলাদেশ

কম রাজস্ব আহরণ ও ব্যাংকিং খাতের সংস্কারের কারণে অনিশ্চয়তা দেখা গেছে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) ঋণের কিস্তি প্রাপ্তিতে, যার পরিমাণ ১ দশমিক ৩ বিলিয়ন মার্কিন ডলার। তবে, এই ঋণ পেতে আইএমএফ-এর সঙ্গে আলোচনা চালিয়ে যাচ্ছে বাংলাদেশ। অতিরিক্ত শর্তসহ একটি নতুন ঋণ কর্মসূচি নিয়ে

আলোচনা শুরু করার প্রস্তাব দিয়েছে সংস্থাটি। শনিবার (১৮ এপ্রিল) সংস্থাটির প্রধান কার্যালয় ওয়াশিংটন ডিসিতে আইএমএফ ও বিশ্বব্যাংকের চলমান বসন্তকালীন বৈঠকে ঋণের বিষয়ে আলোচনা হবে। বৈঠকে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীসহ সংশ্লিষ্টরা উপস্থিত থাকবেন। বৈঠক শেষে এই বিষয়ে কথা বলবেন অর্থমন্ত্রী। সংস্থাটি জানায়, চলমান ৫ দশমিক ৫ বিলিয়ন ডলারের ঋণ কর্মসূচির আওতায় চলতি অর্থবছরের জুনের মধ্যে ১ দশমিক ৩ বিলিয়ন ডলার পাওয়ার আশা করছে বাংলাদেশ, যা নিয়ে তৈরি হয়েছে অনিশ্চয়তা। আইএমএফ বলছে, কাঙ্ক্ষিত সহযোগিতা পেতে সংস্কার কার্যক্রম এগিয়ে নিতে হবে বাংলাদেশকে। ওয়াশিংটনে চলমান বসন্তকালীন বৈঠকে বাংলাদেশকে এমন বার্তা দিয়েছে বিশ্বব্যাংক ও আইএমএফ। যদিও অর্থমন্ত্রীর দাবি, আগামী দিনে বাংলাদেশে অর্থায়নের ক্ষেত্রে ইতিবাচক অবস্থানে দাতা সংস্থাগুলো। বিশ্বব্যাংক ও আইএমএফের বসন্তকালীন সভার চতুর্থ দিনের সংবাদ সম্মেলনে বৃহস্পতিবার (১৬ এপ্রিল) আইএমএফের এশিয়া ও প্যাসিফিক অঞ্চলের পরিচালক কৃষ্ণা শ্রীনিবাসন সাফ জানিয়ে দিয়েছেন, বাংলাদেশ সংস্কার কার্যক্রম কতটা এগিয়ে নিচ্ছে, সেদিকেই নজর রাখছে আইএমএফ। এর ওপরই নির্ভর করবে আগামী দিনের অর্থছাড়। এছাড়া, সম্প্রতি সংসদে পাস হওয়া ব্যাংক রেজল্যুশন বিলে সরকার ১৮ক ধারা যুক্ত করে রেজল্যুশনের জন্য তালিকাভুক্ত করা ব্যাংকগুলোতে পুরোনো মালিকদের ফিরে আসার সুযোগ দেওয়ায় উদ্বেগ প্রকাশ করেছে আইএমএফ। সমস্যাগ্রস্ত ব্যাংকের আমানতকারীদের ক্ষতিপূরণ দিতে বাজেটের অর্থ ব্যবহারের সরকারি পরিকল্পনারও সমালোচনা করেছে সংস্থাটি। তাদের মতে, আমানতকারীদের পাওনা মেটাতে বাজেট থেকে অর্থ খরচ না করে ডিপোজিট, ইনসিওরেন্স স্কিম বা অন্য কোনো ব্যবস্থার মাধ্যমে দেওয়া উচিত।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## সিদ্ধান্ত বদলে ফের খুললো কাউন্টার, তবে ঢুকতে পারবে না দূরপাল্লার বাস

রাজধানীর যানজট নিরসন ও ট্রাফিক ব্যবস্থাপনা আধুনিকায়নের লক্ষ্যে সম্প্রতি দুই সিটি করপোরেশনের প্রশাসক সংশ্লিষ্টদের সঙ্গে বৈঠক করেন। সেখানে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কর্মকর্তারাও ছিলেন। এরপর ডিএমপি এক নির্দেশনায় নগরীর ভেতরে থাকা অনুমোদনহীন সব দূরপাল্লার বাস কাউন্টার অপসারণে সাতদিনের সময় বেঁধে দেয়। এমন সিদ্ধান্তের পর গেল সোমবার (১৩ এপ্রিল) থেকে কল্যাণপুর এলাকার সব কাউন্টার বন্ধ রাখা হলেও, বৃহস্পতিবার (১৬ এপ্রিল) থেকে সেগুলো আবার খুলে বসেছে। পরিবহণ সংশ্লিষ্টরা বলছেন, আগের দিন পরিবহণ মালিক সমিতি ও বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষসহ (বিআরটিএ) বিভিন্ন সরকারি সংস্থার সমন্বয়ে বৈঠক হয়। এতে সরকারের পক্ষ থেকে কল্যাণপুরে থাকা কাউন্টারগুলোর কার্যক্রম পরিচালনার জন্য তিন মাস সময় বাড়িয়ে দেওয়া হয়। তবে, এসময় কোনো দূরপাল্লার বাস এখানে প্রবেশ করতে পারবে না বলে জানানো হয়। ফলে এখানকার যাত্রীদের গাবতলী থেকে গাড়িতে উঠিয়ে দিতে হচ্ছে। শুক্রবার (১৭ এপ্রিল) কল্যাণপুরের বিভিন্ন বাস কাউন্টার ঘুরে ও পরিবহণ সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে এসব জানা গেছে। সেখানে দেখা গেছে, ছোটো-বড়ো সব ধরনের কোম্পানির কাউন্টার খুলে বসেছেন পরিবহণ কর্মীরা। তবে কাউন্টারের সামনে কোনো বাস দাঁড়িয়ে থাকতে দেখা যায়নি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## জ্বালানি সংকট না থাকলে দিনে ৬ থেকে ১০ ঘণ্টা লোডশেডিং কেন

দেশে জ্বালানি সংকট না থাকলে প্রতিদিন ৬ থেকে ১০ ঘণ্টা লোডশেডিং কেন হচ্ছে- এমন প্রশ্ন রেখেছেন জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। তিনি বলেন, জ্বালানি সংকট মোকাবিলায় সংসদ ও সংসদের বাইরে সবাইকে একসঙ্গে কাজ করা উচিত ছিল। কিন্তু সে ধরনের উদ্যোগ দেখা যাচ্ছে না। শুক্রবার (১৭ এপ্রিল) রাজধানীর মগবাজারে আল ফালাহ মিলনায়তনে বাংলাদেশ জামায়াতে ইসলামীর `জেলা আমির সম্মেলন,-এর উদ্‌বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জামায়াত আমির বলেন, যুদ্ধ পরিস্থিতির কারণে জ্বালানি সংকট দেখা দিয়েছে। এই সংকট মোকাবিলায় সংসদ ও সংসদের বাইরে সবাইকে একসঙ্গে কাজ করা উচিত ছিল। কিন্তু সে ধরনের উদ্যোগ দেখা যাচ্ছে না। বরং বলা হচ্ছে, দেশে তেলের কোনো সংকট নেই, কিছু লোক তেল মজুত করে চোরাই পথে বিক্রি করছে। এ ধরনের বক্তব্যকে তিনি সরকারের ব্যর্থতা উল্লেখ করে বলেন, এতে ভুক্তভোগী মানুষের কষ্ট আরও বাড়ছে। জনগণ কি জানে না, কোথা থেকে তেলের ড্রাম উদ্ধার হচ্ছে? জ্বালানি সংকট না থাকলে প্রতিদিন ৬ থেকে ১০ ঘণ্টা লোডশেডিং কেন হচ্ছে, সেই প্রশ্নও তোলেন তিনি। যেদিন গণভোটের গণরায়কে অস্বীকার করা হয়েছে, সেদিন থেকেই নতুন ফ্যাসিবাদের যাত্রা শুরু হয়েছে মন্তব্য করে ডা. শফিকুর রহমান বলেন, অতীতের ফ্যাসিবাদের চেয়ে আগামীর ফ্যাসিবাদ আরও ভয়াবহ হবে। তিনি বলেন, উচ্চ আদালতে বিচারক নিয়োগের ক্ষেত্রে একটি নিরপেক্ষ বডি গঠনের জন্য অধ্যাদেশ জারি করা হলেও, তা ঠেকিয়ে দেওয়া হয়েছে। এতে দলীয় প্রভাব বিস্তারের সুযোগ তৈরি হয়েছে। দলীয় ভিত্তিতে বিচারক নিয়োগের ফলে বিচারপতি খায়রুল হক, বিচারপতি শামসুদ্দিন মানিক এবং শপথবদ্ধ রাজনীতিবিদ বিচারপতি এনায়েতুর রহিমের মতো ব্যক্তিত্ব তৈরি হয়েছে। এ ধরনের নিয়োগের কুফল দেশবাসী ভোগ করছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে ৫ জনের মৃত্যু

সারা দেশে গত ২৪ ঘণ্টায় হামে আক্রান্ত ও হামের উপসর্গ নিয়ে আরও পাঁচজন মারা গেছেন। তাদের মধ্যে তিনজন হাম আক্রান্ত হয়েই মারা গেছেন বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি দুইজনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। শুক্রবার (১৭ এপ্রিল) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় হাম ও হাম সন্দেহে পাঁচজনের মৃত্যু হয়েছে। এছাড়া, ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৩৭ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ১৭৪ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ৩ হাজার ১৯২ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ২১ হাজার ৪৬৭ জন। এ পর্যন্ত হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছেন ১৩ হাজার ৮৯৮ জন এবং হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ১১ হাজার ২৪৩ জন।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## রাশেদ প্রধানের বাসায় `মব, সৃষ্টির নিন্দা জামায়াতের

জাতীয় গণতান্ত্রিক পার্টির (জাগপা) সহ-সভাপতি ও মুখপাত্র এবং ১১ দলীয় ঐক্যের শীর্ষস্থানীয় নেতা ইঞ্জিনিয়ার রাশেদ প্রধানের বাসার সামনে পুলিশের উপস্থিতিতে বিএনপি কর্মী সমর্থকদের `মব, সৃষ্টি ও হামলার ঘটনায় তীব্র নিন্দা এবং প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। শুক্রবার (১৭ এপ্রিল) দলের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার এক বিবৃতিতে এ প্রতিবাদ জানান। বিবৃতিতে মিয়া গোলাম পরওয়ার বলেন, চব্বিশের ছাত্র-জনতার অভ্যুত্থানের পর ফ্যাসিবাদবিরোধী আন্দোলনের অগ্রভাবে থাকা একটি রাজনৈতিক দলের শীর্ষ পর্যায়ের নেতার বাসার সামনে আজ সকালে `মব, সৃষ্টি ও হামলার ঘটনা বিএনপি সরকারের ফ্যাসিবাদী হয়ে ওঠার ইঙ্গিত বহন করে। রাশেদ প্রধানের বক্তব্যে একটি শব্দ ব্যবহারকে কেন্দ্র করে পরমতসহিষ্ণু রাজনীতির পরিবর্তে `মব, সৃষ্টি নতুন বাংলাদেশের রাজনৈতিক সংস্কার আকাঙ্ক্ষার পরিপন্থি। আমি রাশেদ প্রধানের বাড়িতে হামলার ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। একইসঙ্গে ঘটনার সঙ্গে জড়িতদের আইনের আওতায় এনে শাস্তি দাবি করছি এবং রাশেদ প্রধানের বাসা ও তার ব্যক্তিগত নিরাপত্তা দাবি করছি। তিনি আরও বলেন, যে-কোনো রাজনৈতিক ঘটনার প্রতিবাদ রাজনৈতিকভাবে হওয়া উচিত। গণতান্ত্রিক অধিকার লঙ্ঘন ও আইনের শাসনের পরিপন্থি এ ধরনের কোনো প্রকার মবের স্থান বাংলাদেশে আর গ্রহণযোগ্য হবে না। জনগণকে ভীত সন্ত্রস্ত করে যে কোনো প্রকার দুর্বৃত্তায়নও বাংলাদেশের মানুষ রুখে দেবে। মবের সময় পুলিশ প্রশাসনের নির্বিকার থাকাটাও কোনোভাবে গ্রহণযোগ্য নয়। এতে করে নাগরিকের আইনের শাসন পাওয়ার অধিকার ক্ষুণ্ন হয়েছে, আইন-শৃঙ্খলা পরিস্থিতি চরমভাবে প্রশ্নবিদ্ধ হয়েছে। রাশেদ প্রধানের ব্যক্তিগত সচিব জনি নন্দীর ওপর যে হামলা হয়েছে ও তাকে আটক করা হয়েছে, তারও নিন্দা জানাই এবং নিঃশর্ত মুক্তি দাবি করছি। মিয়া গোলাম পরওয়ার বলেন, ১২ ফেব্রুয়ারি নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতা পেয়ে সরকার গঠনের পর বিরোধীদলের নেতা-কর্মীদের ওপর বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীরা হামলা, চাঁদাবাজি, হাসপাতালে মববাজিসহ রাজনৈতিক প্রতিপক্ষকে ঘায়েলে নানা অপকৌশল নিয়েছে, যা সুষ্ঠু গণতান্ত্রিক চর্চার পরিপন্থি। বিএনপিকে নেতা-কর্মীদের উচ্ছৃঙ্খলতা নিয়ন্ত্রণে পদক্ষেপ নেওয়ার আহ্বান জানাচ্ছি।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## জনগণের ভাগ্য পরিবর্তনে কাজ করতে চাই : মির্জা ফখরুল

দারিদ্র্য দূর করে দেশের মানুষের জীবনমান উন্নয়ন এবং তাদের ভাগ্য পরিবর্তনে কাজ করার কথা জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার (১৭ এপ্রিল) রাজধানীতে আয়োজিত জুনিয়র চেম্বার ইন্টারন্যাশনাল (জেসিআই) কার্নিভ্যাল-২০২৬ অনুষ্ঠানে এ আশা ব্যক্ত করেন তিনি। স্থানীয় সরকার মন্ত্রী বলেন, তরুণদের মধ্যে নেতৃত্বের বিকাশ ও সমাজসেবামূলক কর্মকাণ্ডে জেসিআই বাংলাদেশের ভূমিকা অত্যন্ত প্রশংসনীয়। তিনি সংগঠনটির কার্যক্রম আরও বিস্তৃত করে দেশের উন্নয়নে অবদান রাখার আহ্বান জানান। মির্জা ফখরুল উল্লেখ করেন, স্বাধীনতার পর গত ৫৬ বছরে বাংলাদেশ উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং কৃষি খাতে উন্নয়ন এ সাফল্যের গুরুত্বপূর্ণ দিক। তরুণদের উদ্দেশ্যে তিনি বলেন, নতুন স্বপ্ন ও উদ্যম নিয়ে দেশ গঠনে এগিয়ে আসতে হবে। দেশের টেকসই উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে তরুণ সমাজের সক্রিয় অংশগ্রহণ অপরিহার্য। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## জুলাই হত্যা মামলা; ৩ দিনের রিমান্ডে সাবেক ডিজিএফআই পরিচালক

জুলাই আন্দোলনে দেলোয়ার হোসেন হত্যা মামলায় সাবেক ডিজিএফআই পরিচালক ও অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট কর্নেল মো. আফজাল নাছেরকে ফের জিজ্ঞাসাবাদের জন্য ৫ দিনের রিমান্ড আবেদন করেছিল ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। শুনানি শেষে আদালত তার ৩ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন। শুক্রবার (১৭ এপ্রিল) বিকেলে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলামের আদালত এ আদেশ দেন। এর আগে, দুপুরে ঢাকার চিফ মেট্রোপলিটন

ম্যাজিস্ট্রেট আদালতে এ বিষয়ে শুনানি অনুষ্ঠিত হয়। মামলার তদন্ত কর্মকর্তা ডিবি পুলিশের সাব-ইন্সপেক্টর কফিল উদ্দিন আদালতে ৫ দিনের রিমান্ড আবেদন করেন। রাষ্ট্রপক্ষের আইনজীবী মুহাম্মদ শামছুদ্দোহা সুমন শুনানিতে জানান, মামলার তদন্তের অগ্রগতির স্বার্থে আসামিকে আরও জিজ্ঞাসাবাদের প্রয়োজন রয়েছে। এর আগে, গত ২৯ মার্চ দিবাগত রাতে রাজধানীর মিরপুর ডিওএইচএস এলাকা থেকে আফজাল নাছেরকে গ্রেফতার করা হয়। পরদিন দেলোয়ার হোসেন হত্যা মামলায় তাকে আদালতে হাজির করা হলে ৬ দিনের রিমান্ড মঞ্জুর করা হয়। পরবর্তীতে অন্য একটি হত্যা মামলায় গ্রেফতার দেখিয়ে তাকে ৫ এপ্রিল তিন দিন, ৮ এপ্রিল আরও তিনদিন, ১২ এপ্রিল দুইদিন এবং ১৪ এপ্রিল তিনদিনের রিমান্ডে নেওয়া হয়। মামলার এজাহার সূত্রে জানা যায়, ২০২৪ সালের ১৯ জুলাই বিকেলে মিরপুর-১০ নম্বর ফলপট্টি এলাকায় চলমান ছাত্র-জনতার আন্দোলনে হামলার ঘটনা ঘটে। অভিযোগ রয়েছে, কয়েকশ সশস্ত্র ব্যক্তির একটি দল সেখানে হামলা চালিয়ে আন্দোলনকারীদের ওপর গুলি চালায়। এতে গুলিবিদ্ধ হয়ে গুরুতর আহত হন দেলোয়ার হোসেন। পরে তাকে শ্যামলীর একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হলে চিকিৎসাধীন অবস্থায় ২১ জুলাই তার মৃত্যু হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## চলতি সপ্তাহে আসবে আরও ১ লাখ ৬৪ হাজার টন পরিশোধিত জ্বালানি

চলতি সপ্তাহে ১ লাখ ৬৪ হাজার টন পরিশোধিত জ্বালানি নিয়ে আসবে আরও পাঁচটি জাহাজ। এর মধ্যে মালয়েশিয়া থেকে তিনটি, সিঙ্গাপুর ও চীন থেকে একটি করে জাহাজ আসবে। এরই মধ্যে সবকটি জাহাজ চট্টগ্রাম বন্দরের উদ্দেশ্যে রওয়ানা দিয়েছে বলে জানা গেছে। চার জাহাজে ১ লাখ ৩০ হাজার টন ডিজেল এবং অন্য জাহাজে ৩৪ হাজার টন জেট-ওয়ান রয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) বিশ্বস্ত একটি সূত্র বিষয়টি নিশ্চিত করেছে। নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্মকর্তা বলেন, এরই মধ্যে ১ লাখ ৩৮ হাজার টন পরিশোধিত জ্বালানি তেল নিয়ে চারটি জাহাজ বন্দরে এসেছে। এর মধ্যে একটি জাহাজ থেকে লাইটারিং শুরু হয়েছে। ধারাবাহিকভাবে অন্য জাহাজগুলো থেকেও লাইটারিং শুরু হবে। আশা করা হচ্ছে, `এমটি ওকট্রি, নামের জাহাজটি শনিবার (১৮ এপ্রিল) জেটিতে আসতে পারে। এরপর প্রতিদিন জেটিতে দুটি করে জাহাজ থেকে জ্বালানি খালাস করা হবে। ওই কর্মকর্তা বলেন, এ চারটি জাহাজ বাদেও চলতি সপ্তাহে আরও পাঁচটি জাহাজ আসবে। শিডিউল অনুযায়ী, ১৯ এপ্রিল থেকে ২১ এপ্রিলের মধ্যে জাহাজগুলো চট্টগ্রাম বন্দরে আসার কথা রয়েছে। এসব জাহাজে ১ লাখ ৬৪ হাজার টন জ্বালানি আসবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

## শনিবার ঢাকায় আসছেন মার্কিন বিশেষ দূত

শিক্ষা ও শিশুদের কল্যাণে দ্বিপক্ষীয় সহযোগিতা আরও জোরদার করার লক্ষ্যে তিনদিনের সফরে আগামীকাল শনিবার ঢাকা আসছেন যুক্তরাষ্ট্রের `বেস্ট ফিউচার জেনারেশনস, বিষয়ক বিশেষ দূত চার্লস জে. হার্ডার। শুক্রবার (১৭ এপ্রিল) ঢাকাস্থ মার্কিন দূতাবাসের এক মিডিয়া নোটে জানানো হয়, সফরকালে হার্ডার বাংলাদেশের আগামী প্রজন্মের উন্নয়ন ও সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে সরকারের উচ্চপর্যায়ের কর্মকর্তা এবং সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে একাধিক বৈঠকে অংশ নেবেন। মার্কির পররাষ্ট্র দপ্তরের তথ্য অনুযায়ী, বিশেষ দূতের কার্যালয়ের প্রধান কাজ হলো বিশ্বব্যাপী শূন্য থেকে ১৭ বছর বয়সি শিশুদের স্বার্থ রক্ষা, কল্যাণ এবং সামগ্রিক উন্নয়ন নিশ্চিত করা। মার্কিন বিশেষ দূতের এ সফরে শিক্ষা, স্বাস্থ্যসেবা, পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি (ওয়াশ) সংক্রান্ত বিষয় অগ্রাধিকার পাবে। পাশাপাশি শিশুশ্রম ও পাচার এবং অপরাধ-চক্র ও সশস্ত্র সংঘাতে সম্পৃক্তকরণ অবসানেও গুরুত্ব দেওয়া হবে। যুক্তরাষ্ট্রের বিশেষ দূত চার্লস জে. হার্ডার শিশু, তাদের পরিবার ও কমিউনিটিকে প্রভাবিত করে এমন চ্যালেঞ্জ মোকাবিলায় `সৃজনশীল ও বাস্তবসম্মত সমাধান, অন্বেষণে নিয়মিত ফাউন্ডেশন, কর্পোরেশন, অলাভজনক ও ধর্মীয় সংগঠন এবং আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিদের সঙ্গে যোগাযোগ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## জ্বালানি তেল নিয়ে দেশে আসছে ৪ ট্যাংকার

চট্টগ্রাম বন্দরে ডিজেলবাহী চারটি ট্যাংকার আসছে। এর মধ্যে শুক্রবার তিনটি এবং আগামী রবিবার আরো একটি ট্যাংকার আসার কথা রয়েছে। ৪টি ট্যাংকারে করে সর্বমোট আসছে ১ লাখ ৪১ হাজার টন ডিজেল, যা দিয়ে প্রায় ১২ দিনের চাহিদা মেটানো যাবে। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন বিপিসি সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার পর্যন্ত দেশে ডিজেলের মজুত ছিল ১ লাখ ৫৫ হাজার টন। নতুন ৪টি ট্যাংকারের ডিজেল খালাস হলে, তা ২ লাখ ৯৬ হাজার টনে বেড়ে দাঁড়াবে প্রায়। মোট মজুত ডিজেল দিয়ে প্রায় ২৫ দিনের চাহিদা পূরণ করা যাবে। চট্টগ্রাম বন্দর সূত্রে জানা গেছে, শুক্রবার এমটি ওকট্রি, এমটি কেপ বনি ও এমটি লিয়ান সং হু- এই তিনটি ট্যাংকার বন্দরে ভিড়বে। আর এমটি গোল্ডেন হরাইজন নামের আরেকটি ট্যাংকার রবিবারে পৌঁছানোর কথা আছে। চারটি ট্যাংকারের স্থানীয় এজেন্ট প্রাইড শিপিং লাইনসের ব্যবস্থাপনা পরিচালক নজরুল ইসলাম জানান, নির্ধারিত সময়সূচি অনুযায়ী তিনদিনের মধ্যেই সব ক,টা ট্যাংকার বন্দরে পৌঁছাবে। চলতি মাসে ডিজেল নিয়ে যে অনিশ্চয়তা তৈরি হয়েছিল, সরবরাহ বাড়ায় তা কাটবে

বলে মনে করছেন সংশ্লিষ্ট ব্যক্তিরা। বিপিসির তথ্য অনুযায়ী, দেশের মোট জ্বালানি চাহিদার প্রায় ৬৩ শতাংশই ডিজেলনির্ভর। ২০২৪-২৫ অর্থবছরে দেশে ডিজেলের চাহিদা ছিল প্রায় ৪৩ লাখ ৫০ হাজার টন।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ আসাদ)

## শেখ হাসিনাকে প্রত্যর্পণের অনুরোধ খতিয়ে দেখা হচ্ছে : রণধীর জয়সওয়াল

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে আনার আবেদন প্রসঙ্গে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল জানিয়েছেন, বাংলাদেশের চলমান বিচারিক ও অভ্যন্তরীণ আইনি প্রক্রিয়ার অংশ হিসেবে আসা এই অনুরোধটি বর্তমানে খতিয়ে দেখা হচ্ছে। বৃহস্পতিবার দিল্লিতে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাপ্তাহিক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। পরে আজ শুক্রবার পররাষ্ট্র মন্ত্রণালয় বিষয়টি নিশ্চিত করে। ভারতীয় সংবাদমাধ্যম ইউএনআইয়ের খবরে এ তথ্য জানা গেছে। ভারতের পক্ষ থেকে জানানো হয়েছে, বিষয়টি নিয়ে ভারত সব অংশীজনের সঙ্গে গঠনমূলক আলোচনা চালিয়ে যাচ্ছে। রণধীর জয়সওয়াল বলেন, আমরা বাংলাদেশের সমস্ত ঘটনাপ্রবাহ খুব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছি। ভারতের পররাষ্ট্রমন্ত্রী বাংলাদেশের বর্তমান সরকারের সঙ্গে গঠনমূলকভাবে কাজ করার এবং দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও শক্তিশালী করার ইচ্ছার কথা পুনর্ব্যক্ত করেছেন। জয়সওয়াল জোর দিয়ে আরো বলেন, পররাষ্ট্রমন্ত্রী নতুন সরকারের সঙ্গে গঠনমূলকভাবে কাজ করতে এবং দ্বিপাক্ষিক সম্পর্ক আরো জোরদার করার ব্যাপারে ভারতের আকাঙ্ক্ষা পুনর্ব্যক্ত করেছেন। জয়সওয়াল বলেন, ”পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও বৈশ্বিক বিষয়ে উভয় পক্ষের মতামত জানতে শিগ্‌গিরই আনুষ্ঠানিক বৈঠক অনুষ্ঠিত হবে বলে আশা করা হচ্ছে।„ তিনি বর্তমান আঞ্চলিক প্রেক্ষাপটে ধারাবাহিক সংলাপের গুরুত্বের ওপর জোর দেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ আসাদ)

## সরকার ফ্যাসিবাদী কায়দায় দেশ চালাতে চায় : ডা. শফিকুর রহমান

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, সাদাকে বাদামি বা কালো নয়, সাদাকে সাদাই বলুন। আমাদের কোনো বক্তব্যের কাটপিস নয়, হয় পুরোটা প্রকাশ করুন নতুবা কিছুই প্রকাশ করবেন না। শুক্রবার সকালে রাজধানীর মগবাজারে জামায়াতে ইসলামীর জেলা আমির সম্মেলনে তিনি গণমাধ্যমের প্রতি এ আহ্বান জানান। তিনি বলেন, সবশেষ জাতীয় নির্বাচনে ব্যাপক ইঞ্জিনিয়ারিংয়ের মাধ্যমে জুলাইয়ের চেতনাকে ভূলুণ্ঠিত করা হয়েছে। সাবেক একজন উপদেষ্টা এবং বর্তমান সরকারের একজন মন্ত্রীর বক্তব্যেই স্পষ্ট হয়েছে, গত নির্বাচনে কীভাবে কারচুপি করা হয়েছে। তিনি আরও বলেন, জনগণের আকাঙ্ক্ষার মৃত্যু ঘটেছে গত নির্বাচনে। বিএনপি জনগণের রায় নিয়ে জনগণের সঙ্গে প্রতারণা করেছে। সুস্থ রাজনীতির ধারা অব্যাহত রাখতে চাই বিধায় দেশের বৃহত্তর স্বার্থে নির্বাচনের ফল মেনে নিয়েছি। সংবিধানের ইচ্ছেমতো সংশোধনের মাধ্যমে ফ্যাসিবাদী কায়দায় বিএনপি সরকার দেশ চালাতে চায় অভিযোগ করে জামায়াত আমির বলেন, সংসদে বিরোধীদলের কণ্ঠরোধ করা হচ্ছে। তাই জনস্বার্থ রক্ষায় রাজপথে নামতে বাধ্য হচ্ছে ১১ দলীয় ঐক্য। সংসদ এবং রাজপথে জনগণের অ্যাজেন্ডা নিয়ে সরব থাকবে জামায়াত। তিনি বলেন, দেশের আর্থিক সম্পদ রক্ষায় জনগণকে গর্জে উঠতে হবে। আমরা জনগণের পাশে থাকব। অতীতের ফ্যাসিবাদের চেয়ে নব্য ফ্যাসিবাদ হবে আরও ভয়ংকর। গণভোটের রায় প্রত্যাখ্যানের মাধ্যমে নতুন ফ্যাসিবাদের যাত্রা শুরু হয়েছে। গণতান্ত্রিক সকল প্রতিষ্ঠানে অগণতান্ত্রিক দলীয়করণের মাধ্যমে ধ্বংসযজ্ঞ চালানো হচ্ছে। তিনি আরও বলেন, গণমাধ্যমের টুটি চেপে ধরে সত্য প্রকাশে বাধা দেওয়া হচ্ছে। দেশের সংকট নিয়ে সংসদে আলোচনার নোটিশ দিলে তা নাকচ করা হয়। গণমাধ্যমের প্রতি আহ্বান, সাদাকে বাদামি বা কালো নয়, সাদাকে সাদাই বলুন। আমাদের কোনো বক্তব্যের কাটপিস নয়, হয় পুরোটা প্রকাশ করুন নতুবা কিছুই প্রকাশ করবেন না।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ আসাদ)

## বগুড়ায় আরও একটি নতুন উপজেলা করা হচ্ছে : স্থানীয় সরকার প্রতিমন্ত্রী

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহ আলম জানিয়েছেন, বগুড়ার শিবগঞ্জ উপজেলার মোকামতলা ইউনিয়ন জেলার ১৩তম উপজেলা হিসেবে গঠনের প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এর মধ্যে প্রাক-নিকার সভায় তা অনুমোদন লাভ করেছে। সম্প্রতি বগুড়া সফর করেন প্রতিমন্ত্রী মীর শাহে আলম। সফরকালে তিনি এ তথ্য জানান। তিনি আরো জানান, প্রাক-নিকার সভায় বগুড়া সিটি করপোরেশনের সঙ্গে মোকামতলা উপজেলা অনুমোদন হয়েছে। তবে মোকামতলা উপজেলা কমপ্লেক্স ভবন কোথায় হবে, তা নিয়ে এখনো সিদ্ধান্ত হয়নি। সবাইকে সঙ্গে নিয়ে বসে স্থান নির্ধারণ করবেন বলেও জানান তিনি। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, মোকামতলা ইউনিয়নকে উপজেলায় উন্নীত করার ঘোষণার ব্যাপারে গেজেট প্রকাশ, প্রশাসনিক কাঠামো পূর্ণাঙ্গ বাস্তবায়ন এবং সরকারি আনুষ্ঠানিক উদ্‌বোধন সম্পন্ন না হওয়ায় এখনো এর কার্যক্রম শুরু হয়নি। প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর আনুষ্ঠানিকভাবে কার্যকর হবে মোকামতলা উপজেলা। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ আসাদ)

## হজযাত্রা নির্বিঘ্ন করতে সর্বোচ্চ প্রস্তুতি নেওয়া হয়েছে : বিমানমন্ত্রী

হজযাত্রা নির্বিঘ্ন করতে সর্বোচ্চ প্রস্তুতি নেওয়া হয়েছে বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী আফরোজা খানম। হজ ফ্লাইট-২০২৬-এর উদ্‌বোধন উপলক্ষ্যে বৃহস্পতিবার রাতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর পরিদর্শন শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তারা হজ ফ্লাইট পরিচালনা ও যাত্রীসেবার প্রস্তুতি সম্পর্কে মন্ত্রী ও প্রতিমন্ত্রীকে অবহিত করেন। বিমান ও পর্যটন মন্ত্রী আফরোজা খানম বলেন, হজযাত্রীদের যে-কোনো প্রয়োজনে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিকতা ও দায়িত্বশীলতার সঙ্গে এগিয়ে আসতে হবে। তিনি হজ ক্যাম্পের সার্বিক ব্যবস্থাপনা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতে বিশেষ গুরুত্বারোপ করেন। প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত বলেন, হজযাত্রাকে সহজ, নিরাপদ ও সুশৃঙ্খল করা আমাদের পবিত্র দায়িত্ব। তিনি সংশ্লিষ্ট সব কর্মকর্তাকে হজযাত্রী ব্যবস্থাপনায় সর্বোচ্চ সতর্কতা ও পেশাদারিত্ব বজায় রাখার নির্দেশ প্রদান করেন। চলতি বছর, বাংলাদেশ থেকে হজের উদ্‌বোধনী ফ্লাইটটি শুক্রবার দিবাগত রাত ১২টা ২০ মিনিটে ৪১৯ জন হজযাত্রী নিয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সৌদি আরবের উদ্দেশ্যে ছেড়ে যাবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ আসাদ)

## জ্বালানি তেলের দামে বড়ো পতন

মধ্যপ্রাচ্যে চলমান সংঘাত শিগ্‌গিরই প্রশমিত হতে পারে- এমন আশাবাদের প্রভাব পড়েছে বিশ্ব জ্বালানি বাজারে। ফলে আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম কমতে শুরু করেছে। শুক্রবার প্রকাশিত এক প্রতিবেদনে আল-জাজিরা জানিয়েছে, ব্রেন্ট ক্রুড তেলের ফিউচার্স এক শতাংশের বেশি কমে প্রতি ব্যারেল ৯৮.০৫ ডলারে নেমে এসেছে। একইসঙ্গে যুক্তরাষ্ট্রের অপরিশোধিত তেলের দামও কমে প্রতি ব্যারেল ৯৪ ডলারের নিচে নেমেছে। এর আগে, মার্চ মাসে যুক্তরাষ্ট্র, ইসরায়েল ও ইরানকে ঘিরে উত্তেজনা বাড়ার ফলে বিশ্ববাজারে তেলের দাম প্রায় ৫০ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছিল। তবে, সাম্প্রতিক পরিস্থিতিতে উত্তেজনা কিছুটা প্রশমিত হওয়ার ইঙ্গিত মিলছে, যার প্রভাব পড়ছে জ্বালানি খাতে। যদিও দাম ১০০ ডলারের নিচে নেমে এসেছে, পুরো সপ্তাহ জুড়ে তেলের দাম ৯০ ডলারের ঘরেই অবস্থান করছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ আসাদ)

## বট বাহিনী আমাকে নিয়ে ভুয়া ফটোকার্ড বানায় : শিক্ষামন্ত্রী

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে পরিকল্পিতভাবে বট বাহিনী ব্যবহার করে গুজব ও অপপ্রচার চালানো হচ্ছে বলে অভিযোগ করেছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। শুক্রবার দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি) নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ অভিযোগ করেন। মন্ত্রী বলেন, তাকে নিয়ে ভুয়া ফটোকার্ড তৈরি করে ট্রল করা হচ্ছে এবং উদ্দেশ্যপ্রণোদিতভাবে বিভ্রান্তিকর তথ্য ছড়ানো হচ্ছে। `বট বাহিনী আমাকে নিয়ে কী যে শুরু করেছে, আমি নাকি পরীক্ষার দিন রুটিন দেবো- এমন ভুয়া ফটোকার্ড বানায়,, বলেন তিনি। এছাড়া ফেল করলেই এমপিও বাতিল এমন দাবিকেও গুজব বলে উল্লেখ করেন শিক্ষামন্ত্রী। তিনি বলেন, "আমি বলেছিলাম এবার কোনো প্রতিষ্ঠানে জিরো পাশ করলেও এমপিও বাতিল হবে না। কিন্তু বট বাহিনী লিখে দিল এবার ফেল করলেই এমপিও বাতিল। এখন দেখা যাচ্ছে, দেশ ফেসবুকেই চলে।„ ফেসবুকে এমন অপপ্রচারের প্রসঙ্গে তিনি উদ্বেগ প্রকাশ করে বলেন, এখন দেখা যাচ্ছে, দেশ ফেসবুকেই চলে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ আসাদ)

## সংসদে সংরক্ষিত আসনে জামায়াতের ১০ নারী চূড়ান্ত

ত্রয়োদশ জাতীয় সংসদে প্রাপ্ত ৬৮টি আসনের বিপরীতে ১১টি সংরক্ষিত নারী আসন পাবে বাংলাদেশ জামায়াতে ইসলামী। এর মধ্যে ১০ নারী নেত্রীকে চূড়ান্ত করেছে দলটি। শুক্রবার জামায়াতের এক সহকারী সেক্রেটারি এ তথ্য জানিয়েছেন। তিনি জানান, বাকি একজনের নামসহ আনুষ্ঠানিক তালিকা প্রকাশ করা হবে। এর মধ্যে জামায়াতে দলের বাইরেরও থাকবেন দুইজন। চূড়ান্ত তালিকায় যারা আছেন- মহিলা জামায়াতের সেক্রেটারি নুরুন্নিসা সিদ্দিকা, সহকারী সেক্রেটারি মারজিয়া বেগম, মানবসম্পদ ও আইন বিভাগের সম্পাদক অ্যাডভোকেট সাবিকুন নাহার মুন্নি, নাজমুন্নিছা নিলু। এ ছাড়া, চট্টগ্রাম অঞ্চল থেকে মেরিনা সুলতানা, সিলেট অঞ্চলের মাহফুজা খানম। বগুড়া অঞ্চলের সাজেদা সামাদ, প্রকৌশলী মারদিয়া মমতাজ। আরও আছেন জামায়াত কোটায় জাগপা সভাপতি তাসমিয়া প্রধান ও এনসিপি নেত্রী ডা. মাহমুদা মিতু। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ আসাদ)

# BBC

## OIL PRICES PLUNGE AS IRAN SAYS STRAIT OF HORMUZ 'OPEN' DURING CEASEFIRE

Oil prices have plummeted after Iran said the Strait of Hormuz would be "completely open" to commercial ships for the remainder of the ceasefire. The cost of a barrel of Brent crude fell to $88 dollars a barrel, having been above $98 earlier on Friday. The Strait of Hormuz is a narrow strip of water linking the Gulf to the Arabian sea, through which a fifth of the world's oil and liquified natural gas is typically transported. "The passage for all commercial vessels through Strait of Hormuz is declared completely open for the remaining period of ceasefire," Iranian Foreign Minister Abbas Araghchi said. Global markets also rallied on the announcement, with the major US stock indices rising in early trading. The S&P 500 rose by 0.8%, while the Nasdaq and Dow Jones Industrial Average (DJIA) were both up by more than 1%. European shares also rose in reaction to the news. The Cac index in Paris and Dax in Frankfurt both climbed by more than 2%, while London's FTSE 100 rose by around 0.5%. The Strait of Hormuz has been effectively shut by Iran since the US and Israel launched military strikes in the country in late February. Tankers have been unable to pass through, drastically reducing the amount of oil and gas available on global markets and causing prices to spike.(BBC Web page : 17.04.2026 Ali Ahmed)

## WHAT WE KNOW ABOUT THE ISRAEL-LEBANON CEASEFIRE

US President Donald Trump has announced that the leaders of Israel and Lebanon have agreed to a 10-day ceasefire, which took effect from 17:00 EST (21:00 GMT; midnight local time) on 16 April. There was no mention in Trump's statement of Hezbollah, the Iran-backed militant group in Lebanon, with which Israel has been exchanging fire for the past six weeks. But in a later post on Truth Social, Trump urged the group to abide by the ceasefire, saying, "I hope Hezbollah acts nicely and well during this important period of time." Following the announcement, the US president also invited Israeli Prime Minister Benjamin Netanyahu and Lebanese President Joseph Aoun to the White House for further talks.
(BBC Web page : 17.04.2026 Ali Ahmed)

## MUGABE'S SON PLEADS GUILTY TO POINTING A GUN IN SOUTH AFRICA

The youngest son of Zimbabwe's late former leader Robert Mugabe has pleaded guilty to pointing a firearm and illegally being in South Africa. Bellarmine Mugabe entered guilty pleas to the two charges after he was arrested in February following the shooting of a 23-year-old man at his home in Johannesburg. The 28-year-old has been held in custody alongside co-accused Tobias Matonhodze, and appeared at the court in Alexandra on Friday. Lawyers for the men told the court they were prepared to return to their native Zimbabwe at their own expense if they do not receive a custodial sentence. Matonhodze, 33, pleaded guilty to attempted murder, defeating the ends of justice, illegal immigration and possession of ammunition. Mugabe - who was also previously charged with attempted murder - spoke only to confirm that he understood the charges and to enter his pleas after he had reached a deal with prosecutors. (BBC Web page : 17.04.2026 Ali Ahmed)

## RUNAWAY WOLF FINALLY CAPTURED AFTER NINE-DAY SEARCH IN SOUTH KOREA

Neukgu, the two-year-old wolf who broke loose from a South Korean zoo and captured the nation's attention, has finally been captured following a nine-day-long search. Neukgu was captured near an expressway on Friday at 00:44 local time (16:44 GMT), according to the government of Daejeon, the central city where his zoo was located. Upon a medical examination, Neukgu's pulse and body temperature were normal, authorities said. Hundreds of rescue officials had been deployed to find the wolf, and there were a couple of times when authorities came close to getting him - but each time the net seemed to be closing in, Neukgu would slink away.(BBC Web page : 17.04.2026 Ali Ahmed)

## MARCOS SAYS KEY SUSPECT IN PHILIPPINE CORRUPTION FIRESTORM ARRESTED

A key suspect at the heart of a corruption scandal that sparked widespread anger in the Philippines has been arrested in the Czech Republic, President Ferdinand Marcos Jr said. Zaldy Co, a former lawmaker, was detained by authorities in Prague after crossing into the country "without proper documentation", Marcos said on Thursday. Massive protests erupted last year after widespread floods paralysed daily life across the country - sparking allegations that billion of dollars in funding for flood-control projects were lost to corruption.

Marcos has made holding corrupt officials to account a priority as some opinions polls show the scandal has hurt his popularity. Co is among those who have been accused of earning kickbacks from such projects. He was a lawmaker in the House of Representatives from 2019 until his resignation last September. He has been out of the Philippines since July 2025, local media reported.(BBC Web page : 17.04.2026 Ali Ahmed)

**CEASEFIRE WITH ISRAEL BRINGS RESPITE TO LEBANON, BUT OBSTACLES TO PEACE REMAIN**

At the stroke of midnight, gunfire and fireworks celebrated the start of the ceasefire in Beirut. Throughout the morning, smiling crowds gathered along roads leading to Lebanon's south, the heartland of Hezbollah, playing revolutionary music and waving the group's yellow flag as they started their journey back to where they had been forced from by the war. This is, initially, a 10-day ceasefire after six weeks of a devastating conflict between Israel and Hezbollah, the Lebanese Shia Muslim militia and political party. But it brings some respite for a country exhausted by the war. More than 2,100 people have been killed, Lebanese health authorities say, and over a million, or roughly one in five of the population, have been displaced - creating a pressing humanitarian crisis. Mattresses on top of cars and families on motorbikes indicated that people were on the move - but many are not returning to stay. In some places, the damage is too extensive and for some there is nothing to go back to at all. Some towns and villages near the border remain under Israeli occupation.
(BBC Web page : 17.04.2026 Ali Ahmed)

**PALESTINIANS HAND OVER SUSPECT IN 1982 ATTACK ON JEWISH RESTAURANT IN PARIS**

French authorities have detained a 72-year-old man considered a key suspect in a grenade and gun attack on a Jewish restaurant in Paris in 1982, in which six people were killed. Hicham Harb was extradited by the Palestinian National Authority on Thursday, in response to a request last September by France's National Anti-Terrorism Prosecutor's Office (PNAT). Harb, whose real name is Mahmoud Khader Abed Adra, is suspected of directing the attack in the Rue des Rosiers and acting as one of the gunmen who shot at diners. French President Emmanuel Macron thanked the Palestinian Authority and said it was "a concrete demonstration" of judicial co-operation resulting from France's recognition of a Palestinian state in September 2025. On arrival at the Villacoublay air force base near Paris, Harb was placed in detention, PNAT said.(BBC Web page : 17.04.2026 Ali Ahmed)

# :: THE END ::